NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

# একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী






৪ আজ শুভ অক্ষয় তৃতীয়া উপলক্ষে বিশেষ

শ্রীরামপুরে দ্রুতগতির লরিতে পিষ্ট হয়ে মৃত ৪ ৫

কলকাতা ১০ মে ২০২৪ ২৭ বৈশাখ ১৪৩১ শুক্রবার সপ্তদশ বর্ষ ৩২৭ সংখ্যা ১২ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 10.5.2024, Vol.17, Issue No. 327, 12 Pages, Price 3.00

## ৪০ ঘণ্টার দুঃসাহসিক অভিযানে খতম ৩ জঙ্গি



**শ্রীনগর, ৯ মে:** ৪০ ঘণ্টা ধরে একটানা অভিযান। লাগাতার গুলির লড়াই। উপত্যকায় অবশেষে বড় সাফল্য পেল নিরাপত্তা বাহিনী। খতম করা হল তিন জঙ্গিকে। সেনা বাহিনীর তরফে জানানো হয়েছে, সোমবার রাত থেকে জম্মু-কাশ্মীরের কুলগামে যে এনকাউন্টার অভিযান চলছিল, তা বৃহস্পতিবার সকালে শেষ হয়। মোট ৩ জঙ্গিকে নিকেশ করা হয়েছে। এদের মধ্যে এনআইএ-র মোস্ট ওয়ান্টেড তালিকায় থাকা জঙ্গি রয়েছে, যিনি লস্কর-ই-তইবার কমান্ডার ছিলেন।

ভারতীয় সেনাবাহিনীর তরফে বিবৃতি জারি করে জানানো হয়েছে, ৭ মে থেকে কুলগামে শুরু হওয়া সেনা-জঙ্গি সংঘর্ষে ভারতীয় সেনার চিনার কর্পস ও পুলিশের যৌথ অভিযান প্রায় ৪০ ঘণ্টা পর শেষ হয়েছে। ৩ জঙ্গিকে নিকেশ করা হয়েছে।

তাদের কাছ থেকে বিপুল পরিমাণ অস্ত্রশস্ত্র উদ্ধার হয়েছে। জানা গিয়েছে, গোপন সূত্রে খবর পেয়েই সোমবার রাতে দক্ষিণ কাশ্মীরের কুলগামের রেওয়ানি পাভিন এলাকায় অভিযান চালায় যৌথ বাহিনী।

টানা ৪০ ঘণ্টা ধরে চলা অভিযানে লস্কর-ই-তইবার শাখা সংগঠন দ্য রেসিস্টেন্স ফ্রন্টের কম্যান্ডার বাসিত আহমেদ দরকে নিকেশ করা হয়েছে। দীর্ঘদিন ধরেই এনআইএ-র মোস্ট ওয়ান্টেড লিস্টে বাসিতের নাম ছিল। উপত্যকায় সেনা ও সাধারণ নাগরিকদের হত্যায় জড়িত ছিল বাসিত। বাসিত ছাড়াও মোমিন গুলজার ও ফহিম আহমেদ বাবা নামক দুই জঙ্গিকে নিকেশ করা হয়েছে। এদের বিরুদ্ধে কমপক্ষে ১৮টি হত্যার মামলা রয়েছে।

# সন্দেশখালির আরও এক ভাইরাল ভিডিওয় চাঞ্চল্য

### ক্রমশঃ বাড়ছে রাজনৈতিক উত্তাপ

**নিজস্ব প্রতিবেদন:** সন্দেশখালি কাটায় বিদ্ধ বিজেপি। আবারও একটি ভিডিও ভাইরাল হলো সন্দেশখালি নিয়ে (যদিও এই ভিডিওর সত্যতা যাচাই করেনি একদিন)। লোকসভা নির্বাচন চলাকালীন সন্দেশখালি নিয়ে আরও একটি ভিডিও ভাইরাল হওয়াতে বিপাকে বিজেপি। একের পর এক ভিডিও ও বক্তব্য প্রকাশ্যে আসায় বিপাকে বিজেপি। ভাইরাল ওই ভিডিও প্রকাশ পাওয়ার পর বিস্ফোরক দাবি করেছেন বসিরহাটের বিজেপি প্রার্থী রেখা পাত্রর। সন্দেশখালির আন্দোলনকারী হিসেবে যাদের রাষ্ট্রপতির কাছে নিয়ে যাওয়া হয়েছিল তাদের পরিচয় নিয়ে সংশয় প্রকাশ করলেন তিনি। আন্দোলনকারী মাম্পি দাসও প্রশ্ন তুললেন।

নতুন যে ভিডিওটি ভাইরাল হয়েছে, তাতে রেখা-সহ তিন মহিলাকে দেখা গিয়েছে। এক মহিলাকে বলতে শোনা যায়, 'আমরা সন্দেশখালির আন্দোলনে যুক্ত। প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করতে গিয়ছিলাম আমরা সবাই। আমাদের ছাড়া রাষ্ট্রপতি ম্যাডামের কাছে কারা গেল? আমরা তাহলে কারা?' আরেক মহিলা বলেন, 'অনুপ দাস নিয়ে গিয়েছিল বলে খবর পেয়েছি। ভিতরে ভিতরে তৃণমূল নেতা শিবু হাজরার কাছ থেকে মাসে ১০ হাজার টাকা করে নিতেন। ওর সঙ্গে একজন গিয়েছিলেন, তাহলে কি ওই মহিলা তৃণমূলের লোক, উপরে উপরে বিজেপি করেন?' ওই ভিডিওয় রেখাকে বলতে শোনা যায়, 'আমরা নির্যাতিতা মায়েরা যদি সন্দেশখালিতে পড়ে আছি, তাহলে আমাদের হয়ে কারা গিয়েছে, তা জানা প্রয়োজন। আর রাষ্ট্রপতি ম্যাডামের কাছে গিয়েছেন যে, আমাদের কিছু জানিয়েছিলেন? আমরা আন্দোলনের মুখ, আমাদের না নিয়ে গিয়ে অন্যদের সাজিয়ে নিয়ে যাওয়ার সাহস কে দিয়েছে?' আন্দোলনকারী মহিলাদের দাবি, সন্দেশখালির নির্যাতিতা বলে কিছু জনকে রাষ্ট্রপতির কাছে নিয়ে যাওয়া হয়েছে বলে জানতে পেরেছেন তারা। আন্দোলনকারীদের প্রশ্ন, 'তাহলে আমরা কারা?'

এখানে উল্লেখযোগ্য বিষয় হল, ভিডিও-য় রাষ্ট্রপতির কাছে যাওয়া মহিলাদের পরিচয় নিয়ে প্রশ্ন তুলেছেন খোদ বিজেপি প্রার্থী রেখা। প্রধানমন্ত্রী যখন বারাসাতে এসেছিলেন, সেই সময় তার সঙ্গে দেখা করেন রেখা এবং অন্যরা। এর পর পরই দিল্লিতে রাষ্ট্রপতির সঙ্গে দেখা করতে যান কিছু মহিলারা, যারা নিজেদের সন্দেশখালির আন্দোলনকারী বলে পরিচয় দেন। সেই নিয়েই প্রশ্ন তুলেছেন সন্দেশখালির রেখা এবং অন্যরা। তাদের দাবি, যারা আন্দোলনে সামিলই ছিলেন না, তাদের রাষ্ট্রপতির কাছে নিয়ে যাওয়া হয় বলে অভিযোগ তুলেছেন। এক মহিলা বিজেপি নেত্রীর নামও উঠে আসছে, যা নিয়ে প্রশ্ন উঠছে। এমনকী বিজেপি নেতা অনুপ দাস একসময় শিবুর ভূমিকা নিয়েও সরব হয়েছেন তারা।

সম্প্রতি সন্দেশখালি থেকে একটি ভিডিও সামনে আসে, যেখানে বিজেপি-র অঞ্চল সভাপতিকে বলতে শোনা যায়, সন্দেশখালির গোটা ঘটনাই পরিকল্পিত এবং সাজানো। মিথ্যে ধর্ষণের মামলা দায়ের হয়। শেখ শাহজাহানের মতো প্রভাবশালীদের জেলে পুরতে শুভেন্দু অধিকারী এবং তাঁর সহযোগীই গোটা পরিকল্পনা করেন এবং সেই মতো টাকা জোগান বলে ভিডিও-য় দাবি করতে শোনা যায় বিজেপি-র ওই অঞ্চল সভাপতিকে। এবার আরও এক ভিডিও সামনে এল। এ নিয়ে সন্দেশখালিরতৃণমূল বিধায়ক সুকুমার মাহাত বলেন, 'গোটাটাই নাটক ছিল। কখনও রেখাদের নিয়ে যাওয়া হয়েছে, কখনও অন্যদের নিয়ে গিয়ে ধর্ষণের মিথ্যা অভিযোগ করা হয়েছে। এই জঘন্য ষড়যন্ত্রে সন্দেশখালির মহিলাদের যে অসম্মান হয়েছে, গোটা বাংলার অসম্মান হয়েছে, বিজেপি--র মতো রাজনৈতিক দল এই ষড়যন্ত্রে লিপ্ত থাকে। এই জঘন্য, নির্লজ্জ রাজনীতি গোটা দেশে কায়েম করতে চায় বিজেপি।'

এ প্রসঙ্গে বিজেপি নেতা দিলীপ ঘোষের বক্তব্য, 'যাদের সামনে আনা হয়েছে তারাই কি শুধু ভুক্তভোগী? যারা মুখ খুলছেন না, যারা প্রকাশ্যে আসছেন না, তাঁরা কি ভুক্তভোগী নন? তারা রাষ্ট্রপতির সামনে বলেন। সন্দেশখালিতে পাড়ায় পাড়ায় ভুক্তভোগী। ১০ বছর ধরে এই ঘটনা চলছে। যারা একথা বলছেন, নির্বাচনের পর বুঝতে পারবেন যখন সকলে রাস্তায় নামবেন।'

### শুভেন্দুর বিরুদ্ধে ফৌজদারি মামলার দাবি




**নিজস্ব প্রতিবেদন:** সন্দেশখালিকাণ্ডে 'ষড়যন্ত্রের' অভিযোগ তুলে শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়েরের আর্জি নিয়ে নির্বাচন কমিশনের দ্বারস্থ হল তৃণমূল কংগ্রেস। চিঠি দিল শাসকদল। বৃহস্পতিবার দিল্লিতে নির্বাচন সদনে গিয়ে পশ্চিমবঙ্গের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে মামলা দায়েরের আর্জি জানিয়ে চিঠি দেন তৃণমূলের রাজ্যসভার সাংসদ সাগরিকা ঘোষ। চিঠিতে দাবি করা হয়েছে, 'সন্দেশখালিকাণ্ডে নতুন করে যে ভিডিও ভাইরাল হয়েছে তাতে যাদের দেখা গিয়েছে তাঁদের সবাইকে জিজ্ঞাসাবাদ করা হোক।' নির্বাচন কমিশনের কাছে নালিশ ঠোকার পরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তৃণমূল কংগ্রেসের রাজ্যসভা সাংসদ সাগরিকা ঘোষ বলেন, 'গত কয়েকদিন ধরে ভাইরাল ভিডিওতে প্রমাণ বাংলার ভাবমূর্তি নষ্ট করতে, ভোটারদের কাছে তৃণমূল সম্পর্কে নেতিবাচক ধারণা তৈরি করতে সন্দেশখালি নিয়ে ষড়যন্ত্র চালিয়েছিল বিজেপি নেতৃত্ব। ২০০০ টাকা, ৩০০০ টাকার বিনিময়ে মহিলাদের অভিযোগ করানো হয়েছিল। গোটা ষড়যন্ত্রের পরিকল্পনা করেছিলেন শুভেন্দু। তাই তাঁর বিরুদ্ধে ফৌজদারি আইনে পদক্ষেপ করার জন্য কমিশনকে অনুরোধ জানিয়েছি।' পাশাপাশি পশ্চিমবঙ্গে প্রচারে গিয়ে সন্দেশখালি নিয়ে মিথ্যা বলে তৃণমূল কংগ্রেসের ভাবমূর্তি নষ্টের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের ক্ষমাপ্রার্থনারও দাবি জানিয়েছেন সাগরিকা। তাঁর কথায়, 'বাংলায় প্রচারে গিয়ে সন্দেশখালি নিয়ে সাধারণ মানুষকে মিথ্যা বলে বিভ্রান্ত কররার চেষ্টা করেছেন প্রধানমন্ত্রী ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী। দুজনের উচিত হাতজোড় করে মিথ্যাচারের জন্য ক্ষমা চাওয়া।'

# শ্লীলতাহানি ইস্যুতে সিসিটিভি ফুটেজ প্রকাশ করল রাজভবন

### মুখ্যসচিবকে দ্রুত তদন্ত বন্ধ করার নির্দেশ



**নিজস্ব প্রতিবেদন:** মহিলা কর্মীর শ্লীলতাহানি ইস্যুতে উত্তপ্ত রাজভবন। উত্তাল রাজ্যরাজনীতি। এমত অবস্থায় নিজের গায়ে লাগা দাগ মুছে ফেলতে বৃহস্পতিবার দু'দফা পদক্ষেপ করলেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। প্রথমত সেদিনের ঘটনার কিছু ভিডিও ফুটেজ প্রকাশ্যে আনা হল রাজভবনের তরফে। দ্বিতীয়ত,তাঁর বিরুদ্ধে যে অনুসন্ধান করা হচ্ছে তা বেআইনি বলে দাবি করে তদন্ত দ্রুত বন্ধ করার নির্দেশ দিয়ে মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকাকে চিঠি দিলেন রাজ্যপাল। তবে এই ঘটনা পরম্পরা বিতর্কের আগুন নেভানোর পরিবর্তে আরও উস্কে দিয়েছে বলেই মনে করা হচ্ছে।

কারণ, রাজ্যপালের বিরুদ্ধে ওঠা শ্লীলতাহানির অভিযোগের প্রেক্ষিতে পূর্ব ঘোষণা মতোই এদিন রাজভবনের তরফে কয়েকটি সিসিসটিভি ফুটেজ সামনে আনা হয়। সাংবাদিকরা ছাড়াও কয়েকজন আমন্ত্রিতকে ওই ফুটেজ দেখাতে কলকাতা রাজভবনে আনা হয়েছিল। কিন্তু ঘণ্টা দেড়েকের ওই ভিডিও ফুটেজে মূলত রাজভবনের বাইরের অংশে অভিযোগকারিণীর গতিবিধিই সামনে আনা হয়েছে। অভিযোগকারিণী মহিলাকে মোট দু'বার দেখা গিয়েছে। তাঁকে সেখানে হন্তদন্ত হয়ে একবার পুলিশ আউটপোস্ট, একবার ওসি-রাজভবনের ঘরে ছুটোছুটি করতে দেখা গিয়েছে। তবে এই সিসিটিভি ফুটেজে রাজভবনে ভিতরের অংশ বা রাজ্যপালকে দেখা যায়নি। ফলে এই ফুটেজ প্রকাশ্যে আনার যৌক্তিকতা নিয়ে স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠেছে। সঙ্গত কারণেই তৃণমূল কংগ্রেস এই ফুটেজ প্রকাশ করা নিয়ে রাজ্যপালকে তীব্র কটাক্ষ করেছে।

মহিলা তৃণমূল কংগ্রেসের প্রধান, রাজ্যের অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেন, 'দেখা গেল রাজভবনের বাইরে কিছু পুলিশ ঘুরে বেড়াচ্ছে। একজন মহিলা যাচ্ছেন। যদি ওই মহিলাই হয়ে থাকেন তবে তার মুখটা ব্লার করে দেওয়া উচিত ছিল। দ্বিতীয়ত, রাজ্যপাল বলেছিলেন সত্য সামনে আসবে। তাহলে সেই সময়ের ঘটনা দেখাতে পারতেন। আর ওই মহিলা তো পুলিশের কাছে অভিযোগ করেছিলেন। যে ১০০ জন ফুটেজ দেখলেন তাঁরা কারা? প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ করে সবাই তো ওঁর বশংবদ। এমন ফুটেজে কি প্রমাণ হবে? প্রশ্ন তোলেন তিনি।

এদিকে এই বিতর্কের মধ্যেই সংবিধানের ৩৬১ ধারা অনুযায়ী রাজ্যপালের রক্ষাকবচের কথা স্মরণ করিয়ে দিয়ে মুখ্যসচিব ভগবতীপ্রসাদ গোপালিকাকে এদিন চিঠি দিয়েছেন রাজ্যপাল বোস। চিঠিতে তাঁর বিরুদ্ধে পুলিশ যে অনুসন্ধান করছে তা অবিলম্বে বন্ধ করার নির্দেশ দেওয়া হয়েছে হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। শ্লীলতাহানির অভিযোগ খতিয়ে দেখতে কলকাতা পুলিশের ডিসি সেন্ট্রালের নেতৃত্বে ৮ সদস্যের একটি বিশেষ অনুসন্ধান দল গঠন করা হয়েছে। তদন্তের স্বার্থে কলকাতা পুলিশ ইতিমধ্যেই রাজভবনে চিঠি পাঠিয়ে সিসিটিভি ফুটেজ চেয়েছে। শ্লীলতাহানির অভিযোগ প্রকাশ্যে আসার পর বিবৃতি দিয়ে রাজ্যপাল বোস রাজভবনের স্থায়ী, অস্থায়ী কর্মীদের জানিয়েছেন, এ ব্যাপারে পুলিশ কোনওরকম তথ্য চাইলে তা না দিতে।

তাঁর যুক্তি, সংবিধান অনুযায়ী রাজ্যপালদের বিরুদ্ধে কোনও ফৌজদারি পদক্ষেপ করা যায় না। কিন্তু ইতিমধ্যেই লালবাজারের তরফে এই ইস্যুতে তদন্ত করা হচ্ছে। যা নিয়ে অখুশি রাজ্যপাল সিভি আনন্দ বোস। সেই প্রেক্ষিতে এবার রাজ্যের মুখ্যসচিবকে চিঠি দিয়েছেন তিনি। রাজ্যপালের এই পদক্ষেপকে কেন্দ্র করে বিতর্কের ঝড় উঠেছে নতুন করে। কেন, কাকে আড়াল করতে রাজ্যপাল এই অনুসন্ধান বন্ধ করতে এত উদগ্রীব তা নিয়েই জনমানসে প্রশ্ন দানা বাঁধছে।

## নতুন রায় সুপ্রিম কোর্টের

**নিজস্ব প্রতিবেদন:** ২০১৪ সালের টেটের ভিত্তিতে প্রাথমিকে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ৩৯২৯টি শূন্যপদ নিয়ে জটিলতা তৈরি হয়েছিল। সে বিষয়ে নতুন রায় দিল সুপ্রিম কোর্ট। ওই শূন্যপদগুলিতে ভবিষ্যতের শূন্যপদ থেকে নিয়োগ হবে বলে জানিয়েছে শীর্ষ আদালত। ২০২২ সালের নিয়োগ প্রক্রিয়ার সঙ্গে ওই ৩৯২৯টি শূন্যপদ যোগ করে দেওয়া হয়েছে। সেই অনুযায়ী নিয়োগ হবে। এই শূন্যপদগুলিতে নিয়োগ নিয়ে এর আগে কলকাতা হাইকোর্ট অন্য নির্দেশ দিয়েছিল। তৎকালীন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় পদগুলিতে মামলাকারীদের মেধার ভিত্তিতে নিয়োগের নির্দেশ দিয়েছিলেন। হাইকোর্টের সেই নির্দেশকে মান্যতা দেয়নি সুপ্রিম কোর্ট।

*বিস্তারিত শহরের পাতায়*

# শিলাবৃষ্টির সাক্ষী থাকল কলকাতাবাসী, রবিবার পর্যন্ত বৃষ্টির পূর্বাভাস

**নিজস্ব প্রতিবেদন:** বৃহস্পতিবার দুপুরে শিলাবৃষ্টির সাক্ষী রইল কলকাতাবাসী। বৃহস্পতিবার সকাল থেকে কিছুটা ভ্যাপসা গরম থাকলেও বেলা বাড়ার সঙ্গে সঙ্গে মেঘে ঢাকতে থাকে আকাশ। এরপর শিলাবৃষ্টি একেবারে চমকে দিয়েছে কলকাতাবাসীকে। বিভিন্ন জেলা থেকেও আসে এই শিলাবৃষ্টি খবর। কলকাতাতেও দীর্ঘদিন পর শিল পড়তে দেখা যায় এদিন। দক্ষিণ কলকাতার একাধিক জায়গা যেমন যাদবপুর, কুঁদঘাট-সহ একাধিক জায়গায় শিলাবৃষ্টি দেখা যায়। এদিকে আলিপুর আবহাওয়া দপ্তর সূত্রে খবর, রবিবার পর্যন্ত চলবে দক্ষিণবঙ্গে বৃষ্টি। শুক্রবারও কালবৈশাখীর সম্ভাবনা। একইসঙ্গে বেশ কিছু জেলায় ভারী বৃষ্টির সম্ভাবনা। সঙ্গে আলিপুর আবহাওয়া দপ্তরের তরফ থেকে এও জানানো হয়েছে, পূর্ব বাংলাদেশে একটি ঘূর্ণাবর্ত অবস্থান করছে। অন্যদিকে, পূর্ব অসম থেকে উত্তর ওড়িশা পর্যন্ত বিস্তৃত নিম্নচাপ অক্ষরেখা। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উপর দিয়ে গিয়েছে অপর একটি অক্ষরেখা। এরফলে প্রচুর জলীয় বাষ্প ঢুকে বজ্রগর্ভ মেঘ থেকে বৃষ্টিপাতের ও ঝড়ের আশঙ্কা। এরই জেরে উত্তরবঙ্গেও শনিবার পর্যন্ত বৃষ্টি চলবে। তারপর বৃষ্টি পরিমাণ কমবে বাড়বে তাপমাত্রা। বুধবার কলকাতার সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.৪ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে ৫.৩ ডিগ্রি কম।

তবে শুক্রবার ঝড়বৃষ্টির পরিমাণ বাড়বে বলেই জানাচ্ছে আলিপুর আবহাওয়া দপ্তর। পূর্ব মেদিনীপুর, উত্তর এবং দক্ষিণ ২৪ পরগনায় ভারী বৃষ্টির সতর্কতা।



কালবৈশাখীর সম্ভাবনা বেশি কলকাতা, পুরুলিয়া, বাঁকুড়া, উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, পূর্ব পশ্চিম বর্ধমানে। বজ্রবিদ্যুৎ-সহ বিক্ষিপ্তভাবে হালকা-মাঝারি বৃষ্টির সঙ্গে ৬০-৭০ কিলোমিটার গতিবেগে দমকা ঝোড়ো হাওয়া হইতে পারে এই জেলাগুলিতে। দক্ষিণবঙ্গের বাকি সব জেলাতেও বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টি ও ঝড়ের সম্ভাবনা। ৫০-৬০ কিলোমিটার গতিবেগে দমকা বাতাস বইবে। থাকবে বজ্রপাতের আশঙ্কা। শনি ও রবিবার উপকূলের জেলা-সহ দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলাতে ঝড়বৃষ্টির সম্ভাবনা। বজ্রবিদ্যুৎ-সহ ঝড়বৃষ্টির সম্ভাবনা। বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির সঙ্গে ৩০-৫০ কিলোমিটার গতিবেগে দমকা ঝোড়ো হাওয়া বইবে। রবিবারের পর ঝড়বৃষ্টির পরিমাণ কিছুটা কমতে পারে, বাড়বে তাপমাত্রা।

# বর্ধমান-দুর্গাপুরে পদ্ম-জোড়াফুলকে চ্যালেঞ্জ বামের

**শুভাশিস বিশ্বাস**

বর্ধমান-দুর্গাপুর লোকসভা কেন্দ্রের বাস্তব ছবিটা মোটেই সুখকর নয়। ব্যবসা-বাণিজ্যে চলছে মন্দা। শহরের মধ্য দিয়ে বাস চলাচল বন্ধ হওয়ার ফলে ব্যবসায় মন্দা আরও বেড়েছে। গ্রাম থেকে খরিদ্দার আসতে পারছেন না শহরের বাজারে। বিসি রোড, বিবি ঘোষ রোড-সহ একাধিক বাজার ধুঁকছে যথেষ্ট কেনাবেচা না হওয়ায়। এর জেরে স্থানীয় সাধারণ মানুষের অধিকাংশেরই আর্থিক অবস্থা বেহাল। একইসঙ্গে স্কুল-কলেজের ছাত্রছাত্রী, অভিভাবকদের কাছে শুনতে হচ্ছে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের পাহাড়প্রমাণ দুর্নীতির কথা। কলেজ, বিশ্ববিদ্যালয়ে লেখাপড়া লাটে উঠেছে, ভর্তি হতে গেলে শাসক দলকে টাকা দিতে হচ্ছে। এই সব নানা ইস্যুতে বর্ধমান-দুর্গাপুর কেন্দ্রের সাধারণ মানুষের মনে তৈরি হয়েছে প্রচণ্ড ক্ষোভ। এর পাশাপাশি তৃণমূল -বিজেপি'র দুই প্রার্থীর অসৌজন্যবোধ, কুকথার লড়াই বর্ধমান-দুর্গাপুরের মানুষ ভালো চোখে নিচ্ছেন না। এই কেন্দ্রের মানুষই কানাঘুষো বলছেন, দুই ফুলের মেকি লড়াই চলছে। এরই পাশাপাশি বর্ধমান-দুর্গাপুরের মানুষ মনে করছেন বিজেপি'র প্রাক্তন সাংসদ তথা এবার তৃণমূলের প্রার্থী কীর্তি আজাদকে ভোট দেওয়া মানে আরএসএসকেই ভোট দেওয়া। আবার বিজেপি'র প্রার্থী দিলীপ ঘোষকে ভোট দেওয়ার অর্থ আরএসএসকে সমর্থন করা তো বটেই। এদিকে এই লোকসভা কেন্দ্রে বামফ্রন্ট মনোনীত সিপিআই(এম) প্রার্থী ড. সুকৃতি ঘোষাল দুই ফুলের প্রার্থীদের কুরুচিকর মন্তব্যকে পাত্তা না দিয়ে মানুষের রুজি-রুটি, পেটের লড়াইকে সামনে তুলে ধরছেন। ধর্ম বা জাতপাত নয়, নীতির ভিত্তিতে রুটি-রুজির লড়াইকে সামনে আনছেন বামপন্থী কর্মীরা। ফলে নির্বাচন যত এগিয়ে আসছে, ততই বর্ধমান-দুর্গাপুর কেন্দ্রে যেন ত্রিমুখী লড়াই স্পষ্ট হয়ে উঠছে। এরই পাশাপাশি বাম শিবিরের দাবি, বড়লোকদের দুই পার্টির চেয়ে গরিব, মধ্যবিত্তদের পাড়ায় লাল ঝান্ডার প্রতি মানুষের উৎসাহ, সাড়া চোখে পড়ার মতো। কারণ, দুই ফুলের প্রার্থীই বহিরাগত। সেখানে বাম প্রার্থী ভূমিপুত্র হওয়ায় স্থানীয়দের সঙ্গে সম্পর্ক তাঁর অনেকটাই কাছের। ফলে এটা বুঝতে অসুবিধা হচ্ছে না যে ২০২৪-এর নির্বাচনী লড়াই জমে গিয়েছে বর্ধমান-দুর্গাপুরে। এদিকে বর্ধমান-দুর্গাপুর লোকসভা কেন্দ্রের রাজনৈতিক পরিসংখ্যান বলছে, পাঁচ বছরের বেশি কোনও রাজনৈতিক দলই টিকতে পারেনি এই কেন্দ্রে। লোকসভা কেন্দ্র হিসেবে এখানে চতুর্থ বারের নির্বাচন। এই লোকসভা কেন্দ্রের গঠনগত বৈচিত্র বেশ নজরকাড়া। ফলে চ্যালেঞ্জও একাধিক। সেখানে কোন দল দ্বিতীয়বারের জন্য ক্ষমতায় ফিরতে পারবে, তা নিয়ে শুরু হয়েছে জোর জল্পনা। প্রশ্ন উঠেছে বিজেপির দিলীপ ঘোষ এখানে নিজের ক্যারিশ্মা দেখাতে পারবেন কি না তা নিয়েও। উল্লেখ্য, বর্ধমান দুর্গাপুর লোকসভা কেন্দ্রটির মধ্যে পাঁচটি বিধানসভা কেন্দ্র পূর্ব বর্ধমান জেলার অন্তর্গত। অন্যদিকে, দু'টি বিধানসভা পশ্চিম বর্ধমানে। দুর্গাপুর পূর্ব এবং দুর্গাপুর পশ্চিম ছাড়া এখানে সমস্ত বিধানসভা এলাকাগুলি পূর্ব বর্ধমানের। ফলে বর্ধমান -দুর্গাপুর লোকসভা কেন্দ্রে যেমন শস্যগোলা রয়েছে, তেমনভাবেই রয়েছে ইস্পাতনগরী শিল্পাঞ্চল দুর্গাপুর। ফলে কৃষি এবং শিল্প দুই বিষয়ে সাম্যতা রেখে লড়াই প্রচার চালাচ্ছেন প্রধান রাজনৈতিক দলগুলির প্রার্থীরা।

*বিস্তারিত দুয়ের পাতায়*



## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### নাম-পদবী
গত ০৭/০৫/২৪ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, ব্যারাকপুর, উঃ ২৪ পরগণা কোর্টে ৫০ নং এফিডেভিট বলে Pranab Kumar Ananta Mukherjee S/o. Ananta Addinath Mukherjee ও Pranab Kumar A. Mukherjee S/o. Ananta Addinath Mukherjee সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

### নাম-পদবী
গত ০২/০৫/২৪ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ৫৯৫৪ নং এফিডেভিট বলে Dhiman Kumar Sau S/o. Mathura Mohan Sau ও Dr. Dhiman Kr. Sau S/o. Lt. M. M. Sau সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

### নাম-পদবী
গত ০৭/০৫/২৪ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ৬১৩৬ নং এফিডেভিট বলে আমি Tamas Ghosh ঘোষণা করিয়াছি যে, আমার পিতা Jahar Lal Ghosh ও J. C. Ghosh সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

### নাম-পদবী
গত ০৭/০৫/২৪ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ৬১৩৫ নং এফিডেভিট বলে বলে Palash Pal S/o. Santosh Pal ও Palas Kr. Pal S/o. S. Kr. Pal সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

### নাম-পদবী
গত ০৬/০৫/২৪ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ৬১০৬ নং এফিডেভিট বলে Harsh Agarwal S/o. Pawan Agarwal ও Harsh Garodia S/o. Purshottam Garodia সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

### নাম-পদবী
গত ০৬/০৫/২৪ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ৬১০৫ নং এফিডেভিট বলে Sumit Banerjee S/o. Nirmal Chandra Banerjee ও Sumit N. Banerjee S/o. Nirmal Chandra সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোঃ ৯৮৩১৯১৯৭৯১

### নাম-পদবী
গত ০৬/০৫/২৪ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ৬১০৪ নং এফিডেভিট বলে Gour Chandra Sarkar S/o. Lalchand Sarkar ও Gour Ch. Sarkar S/o. L. C. Sarkar সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

### নাম-পদবী
গত ০৪/০৪/২৪ S.D.E.M., সদর, হুগলী কোর্টে ১৭ নং এফিডেভিট বলে Dayamoy Chakraborty S/o. Late Bhaskar Chakraborty ও Dayamay Chakraborty S/o. Bhaskar Chakraborty সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

### নাম-পদবী
গত ০৪/০৪/২৪ S.D.E.M., সদর, হুগলী কোর্টে ১৪ নং এফিডেভিট বলে Milon Chakraborty ও Milan Chakraborty S/o. Dayamoy Chakraborty সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

### নাম-পদবী
গত ০৩/০৫/২৪ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ৬০০৫ নং এফিডেভিট বলে Aminur Rahaman Mallick S/o. Delwar Hossain Mallick ও Aninur Rahaman Mallick S/o. Lt. D. H. Mallick সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

### নাম-পদবী
গত ০৭/০৫/২৪ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ৬১৩৮ নং এফিডেভিট বলে বলে Shyamal Chattopadhyay S/o. Sunil Chattopadhyay ও Shyamal Chatterjee S/o. S. Chatterjee সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

### নাম-পদবী
গত ০৭/০৫/২৪ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ৬১৩৭ নং এফিডেভিট বলে আমি Bibek Chatterjee ঘোষণা করিয়াছি যে, আমার পিতা Paresh Chatterjee ও P. Ch. Chatterjee সাং বাঁশবেড়িয়া, সাহাগঞ্জ, হুগলী সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

### বিজ্ঞপ্তি
**In The Court of Ld Civil Judge 1st (Jr. Divi.) at Uluberia**

**Probate Case No. 1/2024**

**দরখাস্তকারীঃ-মাধব সর্দ্দার ওঃ প্রামানিক দিং**

এতদ্বারা সর্ব সাধারনকে অবগতি করানো যাইতেছে যে, জেলা- হাওড়া থানা- উলুবেড়িয়ার অন্তর্গত শ্যামসুন্দরচক গ্রাম নিবাসী স্বর্গীয় নিমাই সর্দ্দার ওঃ প্রামানিক দরখাস্তকারীগনের নাম বরাবর শ্যামসুন্দরচক মৌজার সম্পত্তি সম্বন্ধে গত ইং-১৫/০৩/২০০৫ তারিখে একটি উইল সম্পাদন করেন। নিমাই সর্দ্দার ওঃ প্রামানিক পরলোকগমনের পর উক্ত উইল probate certificate লইবার জন্য উল্লিখিত আদালতে অত্র নং probate মোকর্দ্দমা দায়ের করেন। যদি উক্ত উইল সম্বন্ধে কাহারও কোন আপত্তি থাকে তাহা হইলে অত্র বিজ্ঞপ্তি জারি হইবার ৩০ দিনের মধ্যে আপনি স্বয়ং অথবা আপনার এ্যাডভোকেট মহাশয়ের দ্বারা উপস্থিত হইয়া কারন দর্শাইবেন। নচেৎ আইন আমলে আসিবেন।

**তপশীল সম্পত্তির বিবরন**

১) জেলা- হাওড়া থানা- A.D.S.R. উলুবেড়িয়ার অন্তর্গত ১০২ নং জে.এল. ভুক্ত শ্যামসুন্দরচক মৌজায় এল.আর. ২৪৫ নং খতিয়ানে সাবেক ৩৩৪, এল.আর. ৬৩৩ নং দাগে ডোবা ২ শতক, সাবেক ২৪০ এল.আর. ৫১৮ নং দাগে ডাঙ্গা ৪ শতক, সাবেক ২৩৩ এল.আর. ৫১১ নং দাগে ডাঙ্গা ১৯ শতক, সাবেক ৩৪৫ এল.আর. ৬৪৮ নং দাগে ডাঙ্গা ০.৫৯ শতক, সাবেক ৩৪৩ এল.আর. ৬৪৬ নং দাগে বাস্তু ২ শতক, সাবেক ৩৪৪ এল.আর. ৬৪৭ নং দাগে ডোবা ১ শতক, সাবেক ৪৪০ এল.আর. ৭৪৪ নং দাগে ডাঙ্গা ২ শতক, এল.আর. ৭৮৩ নং খতিয়ানে এল.আর. ৬৪২ নং দাগে ডাঙ্গা ১ শতক, এল.আর. ৭৮৩ নং খতিয়ানে এল.আর. ৬৩৫ নং দাগে ডাঙ্গা ১ শতক। সর্বমোট ৯টি দাগে ৩২.৫৯ শতক।

**আদেশানুসারে**
**অনুপ ভৌমিক,**
**সেরেস্তাদার**
**সিভিল জজ জুনিয়ার**
**ডিভিশন কোর্ট-১ উলুবেড়িয়া,**
**২৪-৪-২০২৪**

### নাম-পদবী
গত ৩০/০৪/২৪ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ৫৮৬৪ নং এফিডেভিট বলে আমি Papiya Paul ঘোষণা করিয়াছি যে, আমার স্বামী Supriyo Pal ও Supriya Paul সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

**PUBLIC NOTICE**

I, (Sanjukta Mukherjee), D/o. Samrat Mukherjee & W/o. Sekh Nuruddin, Residing at Fortgloster, D, Block No.2, Howrah, W.B.- 711310 shall henceforth be known as (Jashmin Fariya) as declared before the First Class Judicial Magistrate Alipore court W.B. vide affidavit no. 18315 dated 17/11/2023. "Sanjukta Mukherjee" & "Jashmin Fariya" both are same and identical person.

**REQUIRED**

Full-time Company Secretary required for a Kolkata-based company (NAVGATI MERCHANTS Pvt. Ltd.)

Interested candidates may mail their resumes on suman.aga1971@gmail.com

**সাধারণ বিজ্ঞপ্তি**

এতদ্বারা বিজ্ঞাপিত হচ্ছে যে, মূল হস্তান্তর দলিল নং ১৭৬-১৯৩৬ সালের রেজিস্ট্রিকৃত এসআরও-বেহালা অফিসে,বুক নং ১, ভল্যুম নং ৫, পৃষ্ঠা ১০৭ থেকে ১১৬, সম্পত্তি অবস্থিত ৯৬ জগতপুর শিশির বাগান রোড,থানা : বেহালা, কলকাতা : ৭০০০৩৪, কলকাতা পৌর সংস্থার ওয়ার্ড নং ১২০ অধীন, সাধারণ কাজকর্মের সময়ে আমার মক্কেল (শ্রী সুব্রত কুমার বিশ্বাস) এর হেফাজত থেকে হারিয়ে গিয়েছে এবং সংশ্লিষ্ট বিষয়ে বেহালা থানায় ১৭.১১.২০১০ তারিখে উল্লেখ্য জিডি এন্ট্রি নং ১৫৩২/১০ তারিখ ১৭.১১.২০১০ দায়ের করা হয়েছে। কোনও ব্যক্তি উক্ত দলিল পেয়ে থাকলে বা কোনও সন্ধান পেলে অনুগ্রহ করে বিজ্ঞপ্তি প্রকাশের ৭ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট জানাতে অনুরোধ করা হচ্ছে অন্যথায় সংশ্লিষ্ট তারিখের পর কোনও দাবি গ্রাহ্য হবে না।

আপনার বিশ্বস্ত,
**সৌম্য রায় অ্যান্ড অ্যাসোসিয়েটস এর পক্ষে**
**মেসার্স সৌম্য রায় অ্যান্ড অ্যাসোসিয়েটস**
নর্থ উইং, ৫ম তল, ৭ রেড ক্রস প্লেস,
কলকাতা : ৭০০০০১
ফোন: ০৩৩-৪০০৭ ২৬২৩
ই-মেল : shoumyaroy.shaw@yahoo.com
তারিখ : ০৯.০৫.২০২৪

### বিজ্ঞপ্তি
**In the Court of Ld. Civil Judge (Jr. Divn.) 1st Court at Uluberia**

**Succession Case No-15/2023**

**Puja Methor, ...Petitioner**

এতদ্বারা সর্বসাধারনকে জানানো যাইতেছে যে, মৃত পুতুল মেথর স্বামী- মৃত রমেশ মেথর সাং- বাগনান এন.ডি.ব্লকঃ বাগনান-I পোঃ+ থানা- বাগনান, জেলা-হাওড়া, **Gratuity** বাবদ প্রাপ্য টাকা **Rs.- 755, 145,** যাহা **Pension A/C No- Pen. XI/CH-5/P/23/11/571216/112 3324045/P/23/11/400476, Pension File ID No- 2242277675,** এ গচ্ছিত আছে। উক্ত টাকা পাইবার জন্য অত্র আদালতে উপরোক্ত নম্বর **Succession** মোকর্দ্দমা দায়ের করিয়া, দরখাস্তকারীনী কন্যা বিধায় আবেদন করিয়াছে। অতএব অত্র বিজ্ঞপ্তি দ্বারা জানানো যাইতেছে যে, কাহারো কোন আপত্তি থাকিলে সংবাদপত্রে প্রকাশিত হইবার ৩০ দিনের মধ্যে উপরোক্ত আদালতে উপস্থিত হইয়া লিখিত আপত্তি জানাইবেন, নচেৎ আইন মোতাবেক কার্য্য হইবে।

**আদেশানুসারে**
**অনুপ ভৌমিক,**
**সেরেস্তাদার**
**সিভিল জজ জুনিয়ার**
**ডিভিশন ১ নং কোর্ট, উলুবেড়িয়া,**
**২৩-৪-২০২৪**

### শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

**উত্তর ২৪ পরগনা**

**অ্যাড কানেক্সন**
সন্তোষ কুমার সিং
হোম নং -৩, বিএল নং-১৮, মেঘনা মোড়, পোস্ট ও থানা-জগদ্দল, উত্তর ২৪ পরগনা, ফোন- ৮৩৩৬০ ৮৮৭২১
ইমেইল- adconnexon@gmail.com

**এ.এন. বিজ্ঞাপন গ্রহনকেন্দ্র**
সেখ আজাহার উদ্দিন, বারাসাত, জেলা- উত্তর ২৪ পরগনা, কলকাতা-৭০০১২৪, মোঃ- ৯৭৩৩৬৫২৬৩৬

**হুগলি**

**মা লক্ষ্মী জেরক্স সেন্টার,** সর্বাণী চ্যাটার্জি, ঠিকানা কোর্টের ধার ওল্ড জেলা পরিষদ, চুঁচুড়া, জেলা হুগলি, পিন: ৭১২১০১, মোঃ ৯৪৩৩১৬৮৯১৮।

**জিৎ অ্যাডভার্টাইজিং এজেন্সি,** প্রসেনজিৎ সামন্ত, ঠিকানা- দলুইগাছা, সিঙ্গুর, বন্ধন ব্যাঙ্কের পাশে, জেলা- হুগলী, পশ্চিমবঙ্গ, মোঃ ৯৮৩১৬৯৯২৪৪

**নদিয়া**

**টাইপ কর্ণার,** নিরঞ্জন পাল, ঠিকানা : কালেক্টরি মোড়, এসপি বাংলোর বিপরীতে, পোঃ কৃষ্ণনগর, জেলাঃ নদিয়া, পিন: ৭৪১১০১, মোঃ ৯৪৭৪৩৩৪৯৭৮




## আজকের দিনটি কেমন যাবে?

**আজ ১০ মে। শুক্র বার, ২৭ শে বৈশাখ। তৃতীয়া তিথী। জন্মে বৃষ রাশি। অষ্টোত্তরী রবি র মহাদশা ও বিংশোত্তরী চন্দ্র র মহাদশা কাল। মৃতে দোষ নেই।**

**মেষ রাশি :** আজ এক নতুন যোগাযোগের দ্বারা সম্মান বৃদ্ধি যোগ। কেনাকাটা করলে পরিবারে আনন্দ বৃদ্ধি হবে, তা কিনতে পারেন। বিদ্যার্থীদের জন্য সমস্যা সমাধানের দিন। প্রবীণ নাগরিক যারা ব্যাধি তে কষ্ট পাচ্ছেন তাদের মুক্তির দিন। বিবাহের ব্যাপারে কোন কথা পাকা হতে পারে। প্রতি সোমবার বাবা মহা মৃত্যুঞ্জয়ের উপবাস সহ শিব পূজা করুন।

**বৃষ রাশি :** মানসিক দুশ্চিন্তা বৃদ্ধি হবে। যে কাজটা কোন এক প্রিয়জনের সহযোগিতায় হয়ে যাওয়ার কথা ছিল, তা বাধা পড়বে। যারা লেখক- সাংবাদিকতা করেন, শিল্পী কলাকুশলী তাদের যে চূড়ান্ত পারফরমেন্স হওয়ার কথা ছিল, সেটা থমকে যাবে। নজর আপনার প্রতি থাকবে। বিদ্যার্থীদের জন্য শুভ নয়।হরি ওম হরি ওম বলুন পথ চলুন।

**মিথুন রাশি :** নতুন কর্মের সম্ভাবনাময় দিন। যে চিন্তাটা আগে করেছিলেন, আজ আবার পুনরায় করুন, শুভ ফল পাবেন। ঊর্ধ্বতন কর্তৃপক্ষ আপনার কাজে তুষ্ট থাকবেন। সম্মান বৃদ্ধি যোগ। প্রবিন নাগরিকদের ব্যাংক ইন্সুরেন্সের ক্ষেত্রে, শুভ। কৃষি জমি, বাস্তু জমি, দোকান ঘর, বিক্রয়ের ব্যাপারে কথা বলতে পারেন। বিবাহের ব্যাপারে পাকা কথা হওয়ার সম্ভাবনা। শ্রী শিবনাম করুন ১০৮ বার শুভ হবে।

**কর্কট রাশি :** কর্মের জন্য শুভ দিন। গত কয়েকদিন ধরে যে পরিশ্রম করেছেন, আজ তার মূল্যায়ন হবে। বাড়ি ও বাস্তু জমি সম্পর্কে সিদ্ধান্ত নিতে পারেন। পরিবারের কনিষ্ঠ সদস্য দ্বারা সম্মান বৃদ্ধি যোগ। সন্তানের বিদ্যালয়ের সমস্যা মুক্তির দিন। বান্ধব দ্বারা উপকৃত হবেন। প্রেমিক যুগল শুভ দিন। ভগবান শ্রীবিষ্ণুর চরণে ১০৮ তুলসীপত্র প্রদান করুন শুভ হবে।

**সিংহ রাশি :** সম্পত্তি বিষয়কে কেন্দ্র করে যে অশান্তি ছিল, আজ তার সমাধান হবে। পরিবারের প্রবীণ মানুষের সহায়তা লাভ। পরিবারে নারীর দ্বারা নারীর বুদ্ধির দ্বারা সমস্যা মুক্তির পথ। সতর্ক থাকুন বন্ধু বেশি শত্রুরূপী মানুষের থেকে। যারা ব্যবসা করেন, তাদের জন্য অত্যন্ত শুভ। বিদ্যার্থীদের জন্য শুভ। এক ঐশ্বরিক সহযোগিতা পাবেন।

**কন্যা রাশি :** আজ সতর্কতার সঙ্গে আজকের দিনটি কাটাবেন। পুরাতন বান্ধব দ্বারা যে সহযোগিতা প্রাপ্তির কথা ছিল, তা আজ বাধা পড়বে। যে কাজটা হয়ে গেলে মানসিক শান্তি এবং অর্থ লাভ দুটোই হতো, সেই কাজে বাধা পড়বে। ব্যাংক ইন্সুরেন্স এর ব্যাপারে অশুভ। আজ যেটা নিয়ে খুব দৌড়াদৌড়ি করবেন সে কাজে বাধা আসবে। বিদ্যার্থীদের জন্য শুভ। ব্যবসা-বাণিজ্যে দুশ্চিন্তা। ভগবান গনেশজির চরণে ১০৮ দুর্গা দিন উপকৃত হবেন।

**তুলা রাশি :** আজকের দিনটি অতি ব্যয় হবে। বন্ধুর জন্য যে কাজ করছেন, তাতে কি বন্ধুর সহযোগিতা পাবেন? সত্য কথা, স্পষ্ট কথা, বলা ভালো। কিন্তু রুটো বাক্য ব্যবহার করার আগে, পরিবেশ দেখে নিন। শত্রু বেশি মানুষ আশেপাশে আছে সতর্ক থাকবেন। কৃষ্ণ নাম করুন।

**বৃশ্চিক রাশি :** সম্পত্তি সংক্রান্ত বিষয় শুভ যোগ। যে সম্পত্তি বিক্রয় বা ক্রয়ের কথা ভাবছেন তা আজ চূড়ান্ত করতে পারেন। পরিবারের শান্তির বাতাবরণ। প্রবীণ নাগরিকের দ্বারা সম্মান বৃদ্ধি যোগ। সন্তানের বিদ্যা ভাগ্য শুভ। ধৈর্য রাখলে আজ অত্যন্ত শুভ দিন। নারায়ণ শ্রীবিষ্ণুর চরণে ১০৮ তুলসীপত্র প্রদান করুন।

**ধনু রাশি :** যারা বিক্রয় প্রতিনিধি, মেডিকেল রিপ্রেজেন্টেটিভ, তাদের শুভ সৌভাগ্য যোগ। আজ কর্মের সম্মান বৃদ্ধি। ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দেওয়া টার্গেট হয়তো ফুলফিল হতে পারে। বিদ্যার্থীদের জন্য শুভ। উচ্চ বিদ্যায় যারা রয়েছেন, তাদের জন্য অতীব শুভ। যারা বিদেশে আছেন তাদের পরিবারে, পারিবারিক আনন্দ বৃদ্ধি হবে। পোষ্য কুকুর বিড়ালকে নিয়ে, যে সমস্যা ছিল আজ তা মিটে যাবে। প্রতিদিন মা দুর্গার ছবিতে কপূর আরতি করুন অতীব শুভ।

**মকর রাশি :** গৃহে শান্তির বাতাবরণ থাকলেও মনের মধ্যে অশান্তির কালো মেঘ থাকবে। সন্তানের জন্য যে কাজটি করবেন ভেবেছিলেন, আজ তা আটকে গেল। যারা কর্মে নতুন পথের সন্ধান চেয়ে অপেক্ষা করছেন, তাদের জন্য দিনটি ঠিক নয় ১০৮ বিল্বপত্র দ্বারা ভগবান শিবের পূজা করুন শুভ হবে।

**কুম্ভ রাশি :** পারিবারিক শান্তির বাতাবরণ। আটকে থাকা অর্থ হাতে আসার প্রবল সম্ভাবনাময় দিন। ব্যবসায়ীদের শুভ দিন, অর্থপ্রাপ্তির দিন। বিদ্যার্থীদের বিশেষত যারা আইনি বিদ্যা বিষয়ে পড়াশোনা করেন, তাদের সম্মান প্রাপ্তির দিন। কর্মে উর্ধ্বতন কর্তৃপক্ষের কাজটি করে দেওয়ার জন্য সম্মান বৃদ্ধি যোগ। যারা খনিজ পদার্থ, তরল পদার্থ, জল, কেমিক্যাল এইসব দ্রব্যের ব্যবসা করেন তাদের অতীব শুভ দিন। সন্তানের কারণে মানসিক দুশ্চিন্তার অবসান হবে। ভগবান বিষ্ণুর চরণে ১০৮ তুলসী পত্র নিবেদন করুন অতীব শুভ।

**মীন রাশি :** দীর্ঘদিন ধরে চলে আসা কষ্টের হাত থেকে মুক্তি। দুশ্চিন্তার অবসান হবে। বিশেষত পরিবারের শান্তির বাতাবরণ। বিদ্যার্থীদের শুভ গৃহবধূদের শুভ। প্রবিন নাগরিকদের ব্যাধি বা পীড়া কাল শেষ। মহা মৃত্যুঞ্জয় শিবের পুজো করুন।

**(বৈশাখ শুক্লপক্ষ। অক্ষয় তৃতীয়া।)**

**ঘোষণা-** এই পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের সত্যতা সম্পর্কে এজেন্ট বা পত্রিকা কর্তৃপক্ষ কোনওভাবে দায়বদ্ধ নয়।

# চতুর্থ ও পঞ্চম দফা নির্বাচনে সংকটপ্রবণ ভোটকেন্দ্রের তালিকা প্রকাশ কমিশনের

**নিজস্ব প্রতিবেদন:** চতুর্থ এবং পঞ্চম দফায় রাজ্যের ক্রিটিকাল বা সংকট প্রবণ ভোটকেন্দ্রের তালিকা প্রকাশ করল নির্বাচন কমিশন। ওই দুই পর্বে দক্ষিণবঙ্গের ৮ জেলার ১৫টি লোকসভা আসনে ভোট নেওয়া হবে। নির্বাচন কমিশনের প্রকাশিত তালিকা অনুযায়ী চতুর্থ দফায় ৮ লোক সভা কেন্দ্রের মোট ১৫ হাজার ৫০৭টি ভোটকেন্দ্রের মধ্যে ৩৬৪৭ টিকে সংকট প্রবণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। এর মধ্যে বোলপুর কেন্দ্রে সর্বাধিক ৬৫৯ টি ভোট কেন্দ্র সংকট প্রবণ। সবথেকে কম সংকট প্রবণ ভোট কেন্দ্র রয়েছে বর্ধমান পূর্বে- ৩০১ টি। এছাড়া বীরভূমের ৬৪০, বহরমপুরে ৫৫৮, বর্ধমান দুর্গাপুরে ৪২২, রানাঘাটে ৪১০, কৃষ্ণনগরের ৩৩৮, আসানসোলে ৩১৯ টি ভোটকেন্দ্রকে সংকট প্রবণ হিসেবে চিহ্নিত করা হয়েছে।

একই রকমভাবে পঞ্চম দফার সাত লোকসভা আসনের ১৩ হাজার ৪৮১ ভোট কেন্দ্রের মধ্যে ৭ হাজার ৭১১টিকে সংকট প্রবণ হিসেবে চিহ্নিত করা হয়েছে নির্বাচন কমিশনের তরফে। এই পর্বে সর্বাধিক সংকট প্রবণ ভোট কেন্দ্র রয়েছে হুগলিতে- ১৭৮৭টি। সব থেকে কম সংকট প্রবণ ভোটকেন্দ্রে রয়েছে বনগাঁয়- ৫৫০ টি। এছাড়া আরামবাগের ১৭৭০, শ্রীরামপুরের ১২৩৬, ব্যারাকপুরে ১০৫৯ উলুবেরিয়ায় ৬৯৪ এবং হাওড়ায় ৬০৫ টি ভোট কেন্দ্র সংকট প্রবণ হিসেবে চিহ্নিত হয়েছে।

কমিশনের বিধিমাফিক কোনও একটি ভোটকেন্দ্র বা বুথ 'ক্রিটিক্যাল' বলে চিহ্নিত করার জন্য সেখানে সাম্প্রতিক রাজনৈতিক পরিস্থিতির স্পর্শকাতরতা দেখা হয়। সেই সঙ্গে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে এক বছর আগের পঞ্চায়েত ভোটের মানদণ্ড প্রাধান্য পাচ্ছে। পঞ্চায়েত ভোটের গোলমাল বা হিংসার ইতিহাস মাথায় রাখা হচ্ছে। কোনও একটি এলাকায় জামিন অযোগ্য গ্রেপ্তারি পরোয়ানা কার্যকর করার হার এবং গোলমাল পাকানোর মতো লোকের সংখ্যাও দেখা হয়। আর কমিশনের নিয়ম মতো কোনও একটি বুথে ৯০ শতাংশের বেশি ভোট পড়লে, কোনও এক জন প্রার্থী ৭০ শতাংশের বেশি ভোট পেলে এবং কোনও একটি বুথে ১০ শতাংশের কম ভোট পড়লেও তা অতি সংকট প্রবণ বলে ধরা হয়। যার ভিত্তিতে নিরাপত্তা ও বাহিনীর মোতায়নের রূপরেখা স্থির করা হয়।

# সবচেয়ে বড় গুন্ডার নাম পার্থ ভৌমিক, দাবি শুভেন্দু অধিকারীর



**নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর:** সবচেয়ে বড় গুন্ডার নাম পার্থ ভৌমিক। বৃহস্পতিবার নৈহাটিতে দলীয় প্রার্থী অর্জুন সিংয়ের সমর্থনে প্রচারে এসে এমনটাই দাবি করলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। এদিন তিনি বলেন, 'ভোট পরবর্তী হিংসা নিয়ে জাতীয় মানবাধিকার কমিশনের চূড়ান্ত রিপোর্টে ১৯ জন গুন্ডার নাম ছিল। তার মধ্যে পার্থ ভৌমিকের নামও ছিল।' তাঁর অভিযোগ, ২০২১ সালের বিধানসভা নির্বাচনের পর বিজেপি কর্মীদের খুন করা হয়েছে। বিজেপি কর্মীদের ঘরছাড়া করা হয়েছে। ঘরবাড়ি লুঠ করা হয়েছে। দলীয় কার্যালয় ভাঙচুর করা হয়েছে। তাঁর দাবি, ব্রিটিশরা যা অত্যাচার করেনি। ২০২১ সালের নির্বাচনের পর পার্থ ভৌমিক তা করেছে। সেই অত্যাচারের জবাব সুদে-আসলে নৈহাটি ও ব্যারাকপুরের মানুষ দেবে। এদিন নৈহাটি বিধানসভা কেন্দ্রে রোড শো করলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। এদিন নৈহাটির সাহেব কলোনি মোড় থেকে রোড শো শুরু হয়। বড়দা ব্রিজ অতিক্রম করে রোড শো ঘোষপাড়া রোড ধরে এসে অরবিন্দ রোড হয়ে বড়মা মন্দিরের কাছে শেষ হয়। রোড শো শেষে শুভেন্দু অধিকারী ও অর্জুন সিং বড়মার কাছে পুজো দেন। মন্দির থেকে বেরিয়ে সাংবাদিকদের মুখে ামুখি হয়ে শুভেন্দু বলেন, 'যেভাবে বহরমপুর থানার আইসিকে সরানো হয়েছে, একইভাবে ব্যারাকপুরের পুলিশ কমিশনার-সহ একাধিক থানার আইসিদের সরানো উচিত।' মমতা-অভিষেক কটাক্ষ করে শুভেন্দু বলেন, 'পিসি ভাইপো তো আকাশে থাকেন। ওনারা মাঠে নামবেন কী করে?'

# হজের প্রথম উড়ান ছাড়ল

**নিজস্ব প্রতিবেদন:** বৃহস্পতিবার ১৬৩ জন হাজিকে নিয়ে হজের প্রথম উড়ান আল্লাহর বায়তুল্লাহ শরিফের উদ্দেশ্যে রওনা দিল। দ্বিতীয় উড়ানে ১৬৪, তৃতীয় ও চতুর্থ উড়ানে যথাক্রমে ২৭২ এবং ৩০০র বেশি হাজি রওনা হয়েছেন বলেই জানা গিয়েছে। যাত্রীদের মোবারকবাদ জানাতে উপস্থিত হয়েছিলেন পীরজাদা তহা সিদ্দিকী, মাওলানা কারি ফজলুর রহমান, মাওলানা শফিকুল ইসলাম ও আই এ এস অফিসার পিবি সেলিম সহ উচ্চ পদস্থ অফিসাররা।





বরানগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে মনোনয়ন জমা দিলেন বামফ্রন্ট মনোনীত কংগ্রেস সমর্থিত সিপিএম প্রার্থী তন্ময় ভট্টাচার্য।

# বিধাননগর এলাকায় ৩৩৩টি বাড়ি বেআইনি নির্মাণ হিসেবে চিহ্নিত

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** বিধাননগর পুরনিগম এলাকায় ৩৩৩টি বেআইনি নির্মাণ চিহ্নিত করেছে পুরনিগম। এরপরই ওই সমস্ত বাড়ির মালিকরা এবার কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হন। তাঁদের অভিযোগ, পুরনিগমের তরফ থেকে একতরফাভাবে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নথি সঠিক ভাবে না পর্যালোচনা করে দেওয়া হয়েছে বাড়ি ভাঙার নির্দেশ। বাড়ির মালিকদের এই আর্জির প্রেক্ষিতে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম বৃহস্পতিবার নির্দেশ দেন, এই ৩৩৩টি নির্মাণের আবাসিকদের যাদের যাদের মনে হচ্ছে তাদের নির্মাণ বৈধ, তাঁরা বিধাননগর পুর কমিশনারের কাছে সমস্ত নথিপত্র দিয়ে আবেদন জানাবেন। কমিশনার সমস্ত খতিয়ে দেখে সিদ্ধান্ত নেবে। প্রসঙ্গত, বিধাননগর পুরনিগম এলাকায় বেআইনি নির্মাণ ভাঙার আর্জি জানিয়ে হাইকোর্টে জনস্বার্থ মামলা করেছিলেন পুরনিগমের তৎকালীন মেয়ের সব্যসাচী দত্ত। সেই মামলার পরিপ্রেক্ষিতে প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ বিধাননগর পুরসভাকে বেআইনি নির্মাণ চিহ্নিত করার নির্দেশ দেন। পুরসভা টিম গঠন করে বেআইনি বাড়ি চিহ্নিত করেছিল। তবে এখন ওই বাসিন্দাদের দাবি, সব্যসাচী দত্ত সহ অন্যান্য রাজনৈতিক ব্যক্তিত্বরা নিজেদের স্বার্থসিদ্ধির জন্যই এই মামলা করেছিলেন। এদিকে গার্ডেনরিচের ঘটনার পরই আদালতের তরফ থেকে বেআইনি নির্মাণ ইস্যুতে কড়া অবস্থান নেওয়া হয়। একাধিক জায়গা থেকে অভিযোগ আসার ঘটনায় পুরসভাকে কড়া কিছু নির্দেশ দিয়েছিল হাইকোর্ট। পাশাপাশি বিচ্ছিন্নভাবে কলকাতার একাধিক জায়গার বেআইনি নির্মাণ ভেঙে ফেলার নির্দেশও দেওয়া হয়।

## বর্ধমান-দুর্গাপুরে পদ্ম- জোড়াফুলকে চ্যালেঞ্জ বামের

*প্রথম পাতার পর...*

তবে বিজেপি আর তৃণমূলের মূল সমস্যা হল দুই দলই তীব্র গোষ্ঠীদ্বন্দ্বে জর্জরিত। দুই ফুলের প্রার্থীরাই প্রচারে বের হয়ে দলীয় ক্ষোভ ও কোন্দলের মুখে পড়ছেন। অন্যদিকে, বামপ্রার্থী সেখানে শুরু থেকেই গরিব ও সাধারণ মানুষের দাবিগুলি নিয়ে পৌঁছে যাচ্ছেন মানুষের দরজায় দরজায়। সেখানে বাম প্রার্থী ড. সুকৃতি ঘোষাল নির্বাচনী প্রচারে তুলে ধরেছেন, একসময়ে এই লোকসভা কেন্দ্রের শিল্প ও কৃষির জন্য ভারতজোড়া খ্যাতির কথা। কিন্তু তৃণমূল ও বিজেপির শাসনে সেই শিল্প উধাও তো বটেই, সঙ্গে দেখা দিয়েছে তীব্র কৃষির সঙ্কট। গত ১২ বছরে নতুন শিল্প তো হয়ইনি, উলটে পুরানো শিল্পগুলিও ধুঁকছে। অন্যদিকে, কৃষির উৎপাদন খরচ বেড়েছে। সরকার ভরতুকি তুলে নিয়েছে সার, বিদ্যুৎ, বীজে। ফলে কৃষক সেভাবে ফসলের দাম পাচ্ছেন না। গ্রামে কাজ নেই, খেতমজুর পরিবারগুলিতে হাহাকার। একইসঙ্গে বামদের তরফ থেকে প্রশ্ন উঠেছে, মূল্যবৃদ্ধি, ওষুধের দাম কেন বাড়ছে তা নিয়েই। সঙ্গে নির্বাচনী বন্ডের মাধ্যমে কর্পোরেটের কাছ থেকে টাকা নিয়ে বিজেপি ও তৃণমূল কীভাবে দেশ ও দেশের মানুষের সর্বনাশ করেছে তা নিয়েও উঠেছে প্রশ্ন।

তবে একের পর এক নির্বাচনী ফল বিশ্লেষণে ধরা পড়ছে বর্ধমান-দুর্গাপুর লোকসভায় এগিয়ে তৃণমূলই। ২০১৯ লোকসভা নির্বাচনে বিজেপি তৃণমূলের কাছ থেকে আসনটি ছিনিয়ে নিলেও জয়ের সেই ট্র্যাডিশন ২০২১-এর বিধানসভায় ধরে রাখতে পারেনি বিজেপি। বিধানসভা নির্বাচন এবং পুরসভা নির্বাচনের ছবি বলছে, এই লোকসভায় প্রাধান্য তৃণমূলেরই। বিধানসভা নির্বাচনের ভিত্তিতে পূর্ব বর্ধমানের ৫টিতে জয় পায় আর দুর্গাপুরের দুটির মধ্যে একটিতে তৃণমূল ও একটিতে বিজেপি জেতে। পাশাপাশি এই লোকসভা আসনের অন্তর্গত দুর্গাপুর ও বর্ধমান পুরসভা দুটিতেও দখলে রয়েছে তৃণমূলের। ২০২৪-এর লোকসভা নির্বাচনে বিকল্প কিছু কি না বর্ধমান- দুর্গাপুরের বাসিন্দারা তা বুঝতে ৪ জুন পর্যন্ত অপেক্ষা করতেই হবে।

## তালান্ডুর রামানুজ কুঞ্জ ও বাগবাজার গৌরীয় মঠে চন্দন যাত্রা উৎসব

**নিজস্ব প্রতিবেদন:** বর্ধমানের তালুন্ডু রামানুজকুঞ্জে শ্রীশ্রী জগন্নাথদেব এবং কলকাতার বাগবাজার গৌরীয় মঠে শ্রীকৃষ্ণের চন্দনযাত্রা উৎসব শুরু হচ্ছে পুণ্য অক্ষয়তৃতীয়ার শুভলগ্নে। সীতারামদাস ওঙ্কারনাথদেবের মানসপুত্র ত্রিদণ্ডিস্বামী পরাঙ্কুশ মহারাজ প্রতিষ্ঠিত এবং প্রবর্তিত তালান্ডু রামানুজ কুঞ্জে সারাদিনব্যাপী নাম সংকীর্তন, অভিষেক, পূজা পাঠ এবং শ্রীশ্রীজগন্নাথদেবের শ্রীবিগ্রহ নিয়ে নৌকো বিহার মাধ্যমে সংলগ্ন রামান্দ মঠে সাময়িক অবস্থান এবং পুনরায় রামানুজ কুঞ্জে সংকীর্তন সহ ফিরে আসার অনুষ্ঠান পালিত হবে। সামগ্রিক অনুষ্ঠান পরিচালনায় থাকবেন রামানুজ মহারাজ। অন্যদিকে উত্তর কলকাতার বাগবাজার গৌরীয় মঠে একমাসব্যাপী চন্দন যাত্রা শুরু হচ্ছে। চলবে ১০ জুলাই পর্যন্ত।

# রাজ্যপালের বিরুদ্ধে বিরূপ মন্তব্য কেন? জনস্বার্থ মামলা ফেরাল কলকাতা হাইকোর্ট



**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** রাজ্যপাল সিভি আনন্দ বোসের বিরুদ্ধে যৌন হেনস্থা এবং শ্লীলতাহানির অভিযোগের বিরুদ্ধে দায়ের হয়েছে। কিন্তু সাংবিধানিক রক্ষা কবচ থাকা রাজ্যপালের বিরুদ্ধে কোনও ফৌজদারি তদন্ত করা যায় না এত সহজে। এদিকে, এই পরিস্থিতিতে রাজ্যপালকে নিয়ে ভোট প্রচারের মঞ্চ থেকে প্রকাশ্যে নানা রকম মন্তব্য হচ্ছে। রাজ্যপালের বিরুদ্ধে সম্মান হানিকর মন্তব্যে আপত্তি তুলে হাইকোর্টে জনস্বার্থ মামলা করলেন একজন।

বিষয়টি নিয়ে হস্তক্ষেপ করবে না। প্রসঙ্গত, গত ২ মে রাজভবনের অস্থায়ী মহিলা কর্মী হেয়ার স্ট্রিট থানায় রাজ্যপালের বিরুদ্ধে শ্লীলতাহানির অভিযোগ দায়ের করেন। কিন্তু রাজ্যপাল সংবিধানের রক্ষাকবচ পান। তাই তাঁর বিরুদ্ধে পুলিশ কোনও ফৌজদারি তদন্ত করতে পারে না। এক্ষেত্রে তাই পুলিশের কী করণীয়, তা নিয়ে সংশয় তৈরি হয়েছিল।

এদিকে এই শ্লীলতাহানির ঘটনায় রাজ্যপাল বোস প্রথম থেকেই অভিযোগ অস্বীকার করে জানান, ভোটের বাজারে রাজনৈতিক ফয়দা তোলার জন্য তাঁর বিরুদ্ধে এই অভিযোগ আনা হচ্ছে। এরপরই রাজভবন থেকে বিবৃতি জারি করে সেখানে পুলিশের প্রবেশ নিষিদ্ধ করে দেন রাজ্যপাল। লালবাজার জানায়, কোনও ব্যক্তিবিশেষের বিরুদ্ধে নয়, একটি ঘটনার অভিযোগের অনুসন্ধান করছে পুলিশ।

যদিও সেই জনস্বার্থ মামলা ফেরাল কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম এবং বিচারপতি হিরন্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ। আবেদনকারী প্রশ্ন তোলেন, রাজ্যপালকে নিয়ে পুলিশ কেন বিভিন্ন মন্তব্য করছে? সংবিধান অনুযায়ী রাজ্যপালের নিজস্ব রক্ষাকবচ রয়েছে। এরপরও বিনা প্রমাণে তাঁর সম্মানহানি করা হচ্ছে। আবেদনকারীর আইনজীবী তীর্থঙ্কর দে-র সওয়াল, কোনও অভিযোগ প্রমাণ না হওয়া পর্যন্ত রাজনৈতিক নেতাদের রাজ্যপালের বিরুদ্ধে বিরূপ মন্তব্য করা থেকে বিরত থাকার নির্দেশ দিক আদালত।এরই প্রেক্ষিতে বৃহস্পতিবার প্রধান বিচারপতি শিবজ্ঞানম জানান, এ নিয়ে জনস্বার্থ মামলা হয় না। আদালত এখন কোনও ভাবেই

# বামফ্রন্ট প্রার্থীদের মনোনয়ন জমা দেওয়া নিয়ে উত্তেজনা আলিপুরে

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** বামফ্রন্ট প্রার্থীদের মনোনয়ন জমা করাকে কেন্দ্র করে উত্তেজনার পরিস্থিতি তৈরি হল আলিপুরে। পুলিশের বিরুদ্ধে ইচ্ছাকৃত ভাবে অসহযোগিতার অভিযোগ তুললেন সিপিএম প্রার্থীরা। বৃহস্পতিবার দক্ষিণ ২৪ পরগনা এবং দক্ষিণ কলকাতার বামফ্রন্ট প্রার্থীদের মনোনয়ন জমা দেওয়াকে কেন্দ্র করে হাজরা থেকে আলিপুর কোর্ট পর্যন্ত মিছিলের অনুমতি আগেই নেওয়া ছিল। অভিযোগ, সপ্তাহের অন্যতম ব্যস্ত দিনে যান চলাচল নিয়ন্ত্রণ করার জন্য পুলিশের পক্ষ থেকে কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। এরপর মিছিল আলিপুর ব্রিজ থেকে নামার সময় তৃণমূলের পক্ষ থেকে জমায়েত করে মাইকে গান বাজানো হয় ইচ্ছাকৃত ভাবে। সিপিএম কর্মীদের উদ্দেশ্যে স্লোগান দেওয়া হয়। পাল্টা সিপিএম এবং কংগ্রেস কর্মীরা 'চোর' স্লোগান দিলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। হাতাহাতি শুরু হয় দুই পক্ষের মধ্যে। সেখানে একেবারেই ঠুঁটো জগন্নাথের মতো ভূমিকা পালন করে পুলিশ। ঘটনার বেশ কিছু পর পুলিশ কর্মীরা তৃণমূলের কর্মীদের সরিয়ে নিয়ে যায়। এই ঘটনার প্রতিবাদে রাস্তায় বিক্ষোভ দেখান মহম্মদ সেলিম সহ কর্মীরা।




অন্য দিকে, আলিপুর জেলা শাসকের দপ্তরে সৃজন ভট্টাচার্য, প্রতীক উর রহমানরা ঢুকতে গেলে তাঁদের বাধা দেয় পুলিশ। প্রশাসনের দাবি সঙ্গে কোন লোক নিয়ে ঢোকা যাবে না। উল্লেখ্য কমিশনের নিয়মে আছে, প্রার্থীর সাথে চার জন ভিতরে যেতে পারেন। এই নিয়মকে বুড়ো আঙুল দেখিয়ে বেশি লোক নিয়ে তৃণমূল প্রার্থীরা ভিতরে গিয়েছে বলে দাবি করেন সিপিআইএম প্রার্থীরা। ব্যারিকেড ঠেলে এক প্রকার গায়ের জোরেই ভিতরে প্রবেশ করেন তাঁরা।

এরপরই সৃজন এবং প্রতীক উর বলেন, 'নরেন্দ্র মোদির ফর্মুলা মানছেন মমতা বন্দ্যোপাধায়। গুজরাতের মতো মনোনয়ন জমা করতে দেবে না। যাতে সময় মতো মনোনয়ন না জমা দেওয়া যায় তাই এই চক্রান্ত। পুলিশ কোনও নিয়ম মানছে না। তৃণমূল যত এই সব করবে ততো ওদের ভোট কমবে।'

প্রসঙ্গত, বৃহস্পতিবার একসঙ্গে র‍্যালি করে মনোনয়ন জমা দেন বামেদের ৫ প্রার্থী। যাদবপুর লোকসভা কেন্দ্রের সৃজন ভট্টাচার্য, দক্ষিণ কলকাতার সায়রা শাহ হালিম, ডায়মন্ড হারবারের প্রতীক-উর-রহমান, মথুরাপুরের শরৎচন্দ্র হালদারের পাশাপাশি জয়নগরের আরএসপি প্রার্থী সমরেন্দ্র নাথ মণ্ডল হাজরা মোড় থেকে বর্ণাঢ্য শোভাযাত্রা করে তাঁরা নিজেদের সংশ্লিষ্ট ইকেলটোরাল অফিসে মনোনয়ন পেশ করেন। মনোনয়ন জমা দিয়ে প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের বাড়ি গিয়ে তাঁর সঙ্গে দেখা করেন সায়রা শাহ হালিম। দক্ষিণ কলকাতা লোকসভা কেন্দ্রের সিপিএম প্রার্থীর সঙ্গে ছিলেন সিপিএম নেতা ডাক্তার ফুয়াদ হালিম। প্রাক্তন মুখ্যমন্ত্রী এবং তার পরিবার ওই কেন্দ্রের ভোটার। বুদ্ধদেবের সঙ্গে দেখা করে সায়রা জানান, প্রাক্তন মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা হয়েছে। শুভেচ্ছাও জানিয়েছেন বুদ্ধদেব ভট্টাচার্য। গত কয়েকবছর ধরেই শারীরিক অসুস্থতার কারণে ঘরবন্দি রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী। চিকিৎসকদের পর্যবেক্ষণে রয়েছেন বুদ্ধবাবু। খুব বেশি চলাফেরার সক্ষমতা নেই। বয়স আশির ঘর ছুঁয়েছে। তবে আগের তুলনায় এখন কিছুটা সুস্থ রয়েছেন বুদ্ধবাবু। সায়রার কথায়, 'আগের চেয়ে উনি কিছুটা সুস্থ। আমাকে বললেন, সায়রা এই লড়াই জিততে হবে। ওনার কাছ থেকে এই ভরসাটা নিতেই এসেছিলাম।' আর কী কথা হল বুদ্ধবাবুর সঙ্গে? সায়রা বলেন, 'মাথায় হাত রেখে আশীর্বাদ করে উনি বলেছেন এই কঠিন লড়াই লড়তে হবে। মানুষকে ভরসা দিতে হবে, যে সিপিএম লড়তে পারে, জিততে পারে।'

# শিক্ষকের অভাব পূরণে উচ্চ মাধ্যমিকে পড়ানোর ধরনে বিশেষ বদলের ভাবনা

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** উচ্চ মাধ্যমিকে অসংখ্য বিষয়। অথচ দেখা যায় কোনও একটি শিক্ষা প্রতিষ্ঠানে হয়তো বিশেষ একটি বিষয়ের শিক্ষক নেই। সেই সব সমস্যার সমাধানে এবার থেকে ক্লাস্টার কনসেপ্টে ক্লাসে পড়ানোর ভাবনা উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের। এর ফলে স্কুল গুলিতে শিক্ষকের অভাব মিটবে অন্য দিকে বিভিন্ন বিষয়ে সব স্কুলের পঠন-পাঠনের ব্যবস্থাও করা যাবে। নতুন শিক্ষাবর্ষ থেকেই এই পরিকল্পনা শুরু করার ইচ্ছে রয়েছে সংসদের।

কী এই ক্লাসটার কনসেপ্ট? এই বিষয়ে জানাতে গিয়ে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য বলেন, 'উচ্চ মাধ্যমিক স্তরে এত বিভিন্ন ধরনের বিষয় রয়েছে যেখানে দেখা যায় প্রত্যেক স্কুলেই কোনও না কোনও বিষয়ের শিক্ষকের অভাব রয়েছে। যদি দেখা যায়, একটি স্কুলে কোনও একটি বিষয়ের শিক্ষক রয়েছেন কিন্তু পাশের স্কুলে সেই বিষয়টি নেই সেক্ষেত্রে সংশ্লিষ্ট স্কুলের সেই শিক্ষককে পাশের স্কুলে নিয়ে গিয়ে বা পাশের স্কুলের ওই বিষয়ের পড়ুয়াদের সেই স্কুলে নিয়ে এসে পড়ানো হবে। প্রয়োজনে কলেজের অধ্যাপকরা এসেও সংশ্লিষ্ট বিষয়ে পড়াতে পারেন। এই পুরো ভাবনাটিকেই বলা হচ্ছে ক্লাস্টার কনসেপ্ট। এদিকে চলতি ২০২৪- ২৫ শিক্ষাবর্ষ থেকেই অ্যাপ্লিকেশন অফ আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, সাইবার সিকিউরিটি ও সাইন্স অ্যান্ড ওয়েল বিইং বলে তিনটি নতুন বিষয় নিয়ে আসা হচ্ছে। এই বিষয়গুলোর জন্যই অনলাইনে প্রশিক্ষণ দেবে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ। তবে নতুন শিক্ষক নিয়োগ করে নয়, বরং এই নতুন বিষয়ের সঙ্গে মিল রয়েছে এমন সম্ভাব্য শিক্ষকদের প্রশিক্ষণ দেওয়া হবে।'

# ভুয়ো নথি দেখিয়ে ব্যাঙ্ক থেকে ঋণ নিয়ে ধৃত প্রাথমিক শিক্ষিকা

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** ভুয়ো নথি দিয়ে বেসরকারি ব্যাঙ্ক থেকে লক্ষাধিক টাকা ঋণ নেওয়ার অভিযোগ উঠল প্রাথমিক স্কুলের এক শিক্ষিকার বিরুদ্ধে। প্রতারণার অভিযোগে বিধাননগর সাইবার ক্রাইম থানার পুলিশ গ্রেপ্তার করে ওই মহিলাকে। বিধাননগর কমিশনারেট সূত্রে খবর, ধৃতের নাম পায়েল মণ্ডল।

পুলিশ সূত্রে খবর, কাশীপুর এলাকার একটি সরকারি স্কুলের প্রাথমিক শিক্ষিকা ওই মহিলা। বেসরকারি ব্যাঙ্কে থেকে তিন লক্ষ টাকা ব্যক্তিগত ঋণ নেন তিনি। এর জন্য কিছু নথিও ওই ব্যাঙ্কে জমা দিয়েছিলেন পায়েল মণ্ডল। পরবর্তীতে ব্যাঙ্ক তাঁর নথি দেখেই বুঝতে পারে তা ভুয়ো। একই নামের কোনও অন্য মহিলার নথি দিয়েছেন পায়েল।

এরপরেই ব্যাঙ্কের তরফ থেকে বিধাননগর সাইবার ক্রাইম থানায় একটি অভিযোগ জানানো হয়। ঘটনার তদন্ত শুরু করে পুলিশ জানতে পারে যে, পায়েল মণ্ডল যাঁর নথি দিয়ে ঋণ নিয়েছেন তিনি কসবা এলাকার বাসিন্দা। অভিযুক্ত সরকারি স্কুলের প্রাথমিক শিক্ষিকা পায়েল মণ্ডলকে গ্রেপ্তার করে বিধাননগর সাইবার ক্রাইম থানার পুলিশ। এই মহিলার সঙ্গে আর কারা জড়িত আছে তদন্ত করে দেখা হচ্ছে।

# কল্যাণের ইলেকশন পিটিশন প্রত্যাহারের আবেদন মঞ্জুর, তবে এখন-ই নির্বাচন নয়

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** বিজেপি নেতা কল্যাণ চৌবের ইলেকশন পিটিশন প্রত্যাহার করার আবেদন মঞ্জুর করল কলকাতা হাইকোর্ট। বৃহস্পতিবার বিচারপতি জয় সেনগুপ্ত মামলাকারীর আর্জি মেনে মামলা প্রত্যাহার করার অনুমতি দেন। তিন বছর পর মানিকতলার উপ নির্বাচন নিয়ে জট খুললেও এখনই নির্বাচন নয় বলেই জানাচ্ছে নির্বাচন কমিশন।

প্রসঙ্গত, ৯ বার বিধায়ক হন সাধন পাণ্ডে। ২০২১ সালেও বিজেপি প্রার্থী কল্যাণ চৌবেকে পরাজিত করেন তিনি। এরপরই কল্যাণ মানিকতলার ফলাফলকে চ্যালেঞ্জ করে মামলা করেন। এদিকে ২০২২ সালে শারীরিক অসুস্থতার কারণে প্রয়াত হন সাধন পাণ্ডে। এই মামলার কারণে এখনও উপনির্বাচন হয়নি ওই কেন্দ্রে।

এরই মধ্যে কল্যাণের অনীহার কারণে হাইকোর্টে এই মামলার শুনানি বারবার পিছিয়ে যাচ্ছে বলে অভিযোগ তুলে গত মাসে সুপ্রিম কোর্টে মামলা দায়ের করা হয়। এই মামলার প্রেক্ষিতেই শীর্ষ আদালত কল্যাণকে তীব্র ভর্ৎসনা করে। শোকজ নোটিস দেওয়া হয় মানিকতলার বিজেপি প্রার্থীকে।

শীর্ষ আদালতের ওই ভর্ৎসনার পরে গত ২৯ এপ্রিল হাইকোর্টে মামলা প্রত্যাহার করার কথা জানান কল্যাণ। সেই সূত্রে আবেদন বিবেচনা করার কথা জানান বিচারপতি সেনগুপ্ত। বৃহস্পতিবার পিটিশন প্রত্যাহারের অনুমতি দেন তিনি। তবে যেহেতু নির্বাচনের বিজ্ঞপ্তি হয়ে গিয়েছে, তাই এখনই নির্বাচনের কোনও সম্ভাবনা নেই মানিকতলায়, এমনটাই নির্বাচন কমিশন সূত্রে খবর।

যদিও এই প্রসঙ্গে গত সোমবার মামলার শুনানিতে সুপ্রিম কোর্টে নির্বাচন কমিশন জানিয়েছিল, মানিকতলা আসনের উপ নির্বাচনকে চ্যালেঞ্জ করে কলকাতা হাইকোর্টে যে নির্বাচনী পিটিশন দাখিল করা হয়েছে, তা প্রত্যাহার করার পরে তারা উপ নির্বাচনের দিন ঘোষণা করতে পারে। নির্বাচন কমিশনের আইনজীবী জানিয়েছিলেন, পিটিশন প্রত্যাহার যেদিন করা হবে, ওই দিনই মানিকতলা কেন্দ্রটি স্পষ্টভাবে বিধায়কশূন্য হিসেবে বিবেচনা করা যাবে। তাই, নির্বাচনী পিটিশনটি প্রত্যাহার করলে তবেই মানিকতলায় উপনির্বাচন করা সম্ভব।




*অমলিন শৈশব। জমা জলে লম্ফঝম্ফ দুই খুদের।* *ছবি: অদিতি সাহা*

# বরানগরে উদ্ধার বৃদ্ধার পচাগলা দেহ

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** ২ দিন ধরেই বের হচ্ছিল পচা গন্ধ। ক্রমশই বাড়তে থাকে সেই দুর্গন্ধ। অবশেষে সেই গন্ধের উৎস সন্ধান করতে গিয়ে মিলল পচাগলা দেহ। বৃহস্পতিবার বরানগর পুরসভার ১২ নম্বর ওয়ার্ডের মতিলাল মল্লিক লেন এলাকায় ঘরের ভিতর থেকে দেহটি উদ্ধার করে পুলিশ। মৃতের নাম মালা দে। বয়স ৭০। এদিন সকালে প্রচণ্ড দুর্গন্ধে টিকতে না পেরে স্থানীয় বাসিন্দারা এলাকার কাউন্সিলর সঞ্চিতা দে-কে খবর দেন। এরপরই কাউন্সিলরই থানায় যোগাযোগ করেন। পুলিশ এসে দরজা ভেঙে ঘরের ভিতর থেকে দেহ উদ্ধার করে।

কাউন্সিলরের দাবি, বার্ধক্য জনিত কারণে মৃত্যু হয় থাকতে পারে মালা দাস নামে ওই বৃদ্ধার। তবে বরানগর থানার পুলিশ জানিয়েছে, ময়নাতদন্তের রিপোর্ট এলে মৃত্যুর কারণ স্পষ্ট হবে।

বিশেষভাবে ঋণগ্রহীতা/আইনি উত্তরাধিকারী ও সাধারণভাবে জনগণকে এতদ্দ্বারা সতর্ক করা হচ্ছে যে, তাঁরা যেন এই বিষয় সম্পত্তি নিয়ে কোনওপ্রকার লেনদেন না করেন এবং এই সম্পত্তি নিয়ে কোনওপ্রকার লেনদেনে উল্লিখিত **১৬,৬৮,১৬৬ টাকা (ষোল লক্ষ আটষট্টি হাজার একশো ছেষট্টি টাকা)** এবং তদুপরি সুদ **ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, তেঘরিয়া শাখা**-র ধার্য সাপেক্ষ হবে।
ঋণগ্রহীতাগণের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে অ্যাক্টের সেকশন ১৩-র সাব-সেকশন (৮) -এর বন্দোবস্তে, প্রাপ্তব্য সময়ের ব্যাপারে, সুরক্ষিত পরিসম্পতের দায়মুক্ত হতে।
**স্থাবর সম্পত্তি/সুরক্ষিত পরিসম্পদের বিবরণ**
ফ্ল্যাট সমন্বিত সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকলের ন্যায়সঙ্গত বন্ধক, যার ফ্ল্যাট নম্বর ৪বি-, চতুর্থ ফ্লোর, পরিমাপ ৮৬৫ বর্গফুট পরিমাপ, মৌজা বাদ্রায় অবস্থিত, জেএল নং ৮৪, আরএস দাগ নং ৪৬৩, ৪৬৪, ৪৬৬, আরএস খতিয়ান নং ১১৩, দমদম পৌরসভার সীমার মধ্যে, ওয়ার্ড নং ০১, হোল্ডিং নং ৬৭, গোপেশ্বর মন্দির লেন, থানা- দমদম, কলকাতা-৭০০০৭৯, জেলা উত্তর ২৪ পরগনা।
**জমি এবং বিল্ডিং এর চৌহদ্দি :**
**সম্পত্তির সীমানা: উত্তর**- রাস্তা, **দক্ষিণ**- প্লট নং ১এ, **পূর্ব**- দাগ নং ৪৩৬, **পশ্চিম**- সাধারণ পথ দ্বারা।
**ফ্ল্যাটের সীমানা: উত্তর**- খোলা আকাশ, **দক্ষিণ**- অন্যান্য ফ্ল্যাট, **পূর্ব**- খোলা আকাশ, **পশ্চিম**- সিঁড়ি দ্বারা।
**তারিখ: ০৬.০৫.২০২৪** **স্বা/-চিফ ম্যানেজার ও অনুমোদিত অফিসার**
**স্থান: বাগুইআটি** **ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, বারাসাত জোন**

**পূর্ব রেলওয়ে**
**ই-টেন্ডার বিজ্ঞপ্তি নম্বর ঃ ও-এসি-টি-২৪ টু ৩১-২৪-২৫ (ওপেন), তারিখঃ ০৭.০৫.২০২৪।** ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, আসানসোল ডিভিসন, স্টেশন রোড, আসানসোল, পিন-৭১৩৩০১ নিম্নলিখিত কাজগুলির জন্য ই-টেন্ডার (ওপেন) আহ্বান করছেন ঃ **ক্রমিক নং-১। কেস নম্বর ঃ ও-এসি-টি-২৪-২৪-২৫। কাজের নামঃ** সীতারামপুর-প্রধানখুন্তার মাঝে জিসি শাখায় আপ ও ডাউনে ব্রিজ নম্বর ৪৩-এর আরসিসি জ্যাকেটিং-এর জন্য ওপেন টেন্ডার। **টেন্ডার মূল্যমান ঃ** ১,৩৭,৮৯,৩২৬.০৯ টাকা। **বায়নামূল্যঃ** ২,১৮,৯০০ টাকা। **ক্রমিক নং-২। কেস নম্বর ঃ ও-এসি-টি-২৫-২৪-২৫। কাজের নামঃ** এইএন/II/আসানসোল-এর অধীনস্থ ছোটা আম্বোনা-কালুবাথান-এর মাঝে ব্রিজ নম্বর ৭০ (স্প্যান ১x৩.১এম)-এর জ্যাকেটিং-এর জন্য ওপেন টেন্ডার। **টেন্ডার মূল্যমান ঃ** ১,৩৯,১৯,৮১৭.১৪ টাকা। **বায়নামূল্যঃ** ২,১৯,৬০০ টাকা। **ক্রমিক নং-৩। কেস নম্বর ঃ ও-এসি-টি-২৬-২৪-২৫। কাজের নামঃ** ডিইএন/১/আসানসোল-এর অধীনে সীতারামপুর-প্রধানখুন্তার মাঝে জিসি শাখায় ব্রিজ নম্বর ৮২-এর আরসিসি জ্যাকেটিং-এর জন্য ওপেন টেন্ডার। **টেন্ডার মূল্যমান ঃ** ২,৩৩,৮৬,৭৮৮.০৭ টাকা। **বায়নামূল্যঃ** ২,৬৬,৯০০ টাকা। **ক্রমিক নং-৪। কেস নম্বর ঃ ও-এসি-টি-২৭-২৪-২৫। কাজের নামঃ** এইএন/মধুপুর-এর অধীনে এসএসই/পি(ওয়ে)/মধুপুর-এর শাখায় ট্র্যাক মেরামতি ও রক্ষণাবেক্ষণের জন্য ওপেন টেন্ডার। **টেন্ডার মূল্যমান ঃ** ৯৩,৬৫,৯৭২.৩৫ টাকা। **বায়নামূল্যঃ** ১,৮৭,৩০০ টাকা। **ক্রমিক নং-৫। কেস নম্বর ঃ ও-এসি-টি-২৮-২৪-২৫। কাজের নামঃ** সিনিয়র ডিইএন/২/আসানসোল-এর অধীনে ব্লক শাখায় ১৪টি ইন্টারলকড্ লেভেল ক্রসিং গেটের অবশিষ্ট পরিমাণ ইন্টিগ্রেটেড পাওয়ার সাপ্লাই-এর জন্য ওপেন টেন্ডার। **টেন্ডার মূল্যমান ঃ** ৮৭,২৫,৫২১.৬৬ টাকা। **বায়নামূল্যঃ** ১,৭৪,৫০০ টাকা। **ক্রমিক নং-৬। কেস নম্বর ঃ ও-এসি-টি-২৯-২৪-২৫। কাজের নামঃ** সিনিয়র ডিইএন/৩/আসানসোল অধিক্ষেত্রের আওতায় টয়লেট, কিচেন, মেস, ডাইনিং ইত্যাদি সহ রাণীগঞ্জ-এ নতুন ২০ শয্যার আরপিএফ ব্যারাক নির্মাণের জন্য ওপেন টেন্ডার। **টেন্ডার মূল্যমান ঃ** ৬৩,৪৮,৬৫৭.৫৫ টাকা। **বায়নামূল্যঃ** ১,২৭,৯০০ টাকা। **ক্রমিক নং-৭। কেস নম্বর ঃ ও-এসি-টি-৩০-২৪-২৫। কাজের নামঃ** সিনিয়র ডিইএন/৩/আসানসোল অধিক্ষেত্রের আওতায় টয়লেট, ডাইনিং, মেস/কিচেন ইত্যাদি সহ অন্ডাল (ওএল) পোস্ট-এ ৫০ শয্যার (জি+১) নতুন আরপিএফ ব্যারাক নির্মাণের জন্য ওপেন টেন্ডার। **টেন্ডার মূল্যমান ঃ** ১,৬৬,৩০,৩৭২.৯৫ টাকা। **বায়নামূল্যঃ** ২,৩৩,২০০ টাকা। **ক্রমিক নং-৮। কেস নম্বর ঃ ও-এসি-টি-৩১-২৪-২৫। কাজের নামঃ** সিনিয়র ডিইএন/৩/আসানসোল-এর অধীনে অন্যান্য আনুষঙ্গিক কাজ সহ ব্রিজ নম্বর ৫৩৩ (স্প্যান ১, ২, ৩, ৪, ও ৫)-এর আরসিসি জ্যাকেটিং-এর জন্য ওপেন টেন্ডার। **টেন্ডার মূল্যমান ঃ** ২,৩২,৭৯,১৪৪.৫০ টাকা। **বায়নামূল্যঃ** ২,৬৬,৪০০ টাকা। **কার্য সম্পাদনের সময়সীমা ঃ** ১২ মাস (ক্রমিক নং ১ ও ৪ থেকে ৮-এর জন্য) এবং ০৯ মাস (ক্রমিক নং ২ ও ৩-এর জন্য)। **বন্ধের তারিখ ও সময় ঃ** ০৬.০৬.২০২৪ তারিখে দুপুর ১২.০০টা (ক্রমিক সংখ্যা ১ থেকে ৮ প্রতিটির জন্য)। টেন্ডারের সম্পূর্ণ বিবরণ রেলওয়ের ওয়েবসাইট **www.ireps.gov.in**-এ দেখা যাবে। (ASN-44/2024-25)
টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট **www.er.indianrailways.gov.in/www.ireps.gov.in**-এও পাওয়া যাবে
আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway easternrailwayheadquarter

বৈঁক ऑफ़ इंडिया Bank of India BOI Relationship beyond banking
**বর্ধমান জোনাল অফিস**
৪৪৬/এন, আর্মস্ট্রং এভিনিউ, বিধান নগর, সেক্টর -২এ, দুর্গাপুর, জেলা - বর্ধমান, পিন - ৭১৩২১২, ফোন নং - ০৩৪২-২৬৬৫৭০৩
**দখল বিজ্ঞপ্তি** (স্থাবর সম্পত্তির জন্য) পরিশিষ্ট - IV [ দ্রষ্টব্য রুল-৮(১)]

যেহেতু
নিম্নস্বাক্ষরকারী ব্যাঙ্ক অব ইন্ডিয়া, পুরুলিয়া অনুমোদিত অফিসার হিসেবে সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইন ২০০২ এর ১৩(১২) ধারা এবং তৎসহ পঠিত ২০০২ সালের সিকিউরিটি ...
**স্থাবর সম্পত্তির বিবরণ**
...
তারিখ - ০৭.০৫.২০২৪, স্থান : পুরুলিয়া অনুমোদিত অফিসার, ব্যাঙ্ক অব ইন্ডিয়া

SBI
**এসবিআই আরএসিপিসি রাজারহাট, ব্রাঞ্চ কোড ১৬৮২২**
সম্ভোগ ভবন, ৩য় তল, সিটি সেন্টার - II-এর নিকট নিউ টাউন, কলকাতা ৭০০১৬১, ইমেল- sbi.16822@sbi.co.in
**দখল বিজ্ঞপ্তি** (স্থাবর সম্পত্তির জন্য) পরিশিষ্ট-৪ [রুল-৮(১)]

যেহেতু,
নিম্নস্বাক্ষরকারী **স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, আরএসিপিসি, রাজারহাট শাখার** অনুমোদিত আধিকারিক হিসেবে, ...
...
তারিখ - ০৭.০৫.২০২৪ স্থান - রাজারহাট, উত্তর ২৪ পরগনা অনুমোদিত অফিসার, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

SBI
**এসবিআই, আরএসিপিসি, বিধান নগর**
কোড নং- ১৫৩৪২,জোনাল অফিস বিল্ডিং (৪র্থ ফ্লোর), ১/১৬ ভি.আই.পি. রোড, কলকাতা-৭০০০৫৪
**দখল বিজ্ঞপ্তি** (স্থাবর সম্পত্তির জন্য) [রুল-৮(১)]
এ/সি নং- ৩৮৬১৪৩৭০১৫৬ (এইচবিএল), এ/সি নং- ৩৮৭৩৭৮৮৭৫৩৮ (সুরক্ষা লোন)
যেহেতু,
নিম্নস্বাক্ষরকারী **স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, আরএসিপিসি বিধান নগর, জোনাল অফিস বিল্ডিং** ...
...
তারিখ: ০৭.০৫.২০২৪, স্থান: কলকাতা অনুমোদিত অফিসার, এসবিআই, আরএসিপিসি, বিধাননগর

# স্বদেশী আন্দোলন —স্বাদেশিকতা ও রবীন্দ্রনাথ

**শান্তনু রায়**

জোড়াসাঁকোর ঠাকুরপরিবারের গৌরবময় ইতিহাসের কথা সকলেই অল্পবিস্তর অবগত; একই পরিবারের অনেকগুলি কীর্তিমান মানুষের একত্র সমাবেশ বড়ই দূর্লভ বস্তু। এ বিষয়ে ঠাকুর পরিবার অনন্যসাধারন। বস্তুত বাংলার সাংস্কৃতিক ও বৌদ্ধিক নবজাগরনে ঠাকুরবাড়ির যে এক মুখ্য ভূমিকা ছিল তা আজ সর্বজনবিদিত;কিন্তু পিছিয়ে ছিল না ঠাকুরবাড়ির অন্দরমহলও। নারী জাগরনের পটভূমিতেও ঠাকুরবাড়ির এক গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল। স্বাধীনতা সংগ্রামে অংশগ্রহনকারী মহীয়সী মহিলাদের কথা আলোচনা করতে গেলেও উল্লেখ করতে হয় যে এ ব্যাপারে ঠাকুরবাড়ির মহিলাদের এক অগ্রনী ভূমিকা ছিল। ঠাকুরপরিবারের মধ্যে মেয়েদের জাগরনের যে প্রবল জোয়ার এসেছিল তারই অভিঘাতে ঋদ্ধ হয়েছিল সমকালীন বঙ্গীয় নারী সমাজ।

প্রসঙ্গত প্রতিষ্ঠার চার বছর পর ১৮৮৯ সালে কংগ্রেসের জাতীয় অধিবেশনে বাংলা থেকে রবীন্দ্রনাথের অগ্রজা স্বর্নকুমারী দেবী এবং প্রথম মহিলা স্নাতকের অন্যতমা কাদম্বিনী গাঙ্গুলি যোগদান করলে সেই সর্বপ্রথম কংগ্রেসের জাতীয় অধিবেশনে নারীর অংশ গ্রহনের সূচনা।

১৯০৫ এ বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন আরম্ভ হলে তা জোড়াসাঁকো ঠাকুরবাড়িকেও প্রভাবিত করেছিল গভীরভাবে। স্বদেশী মেলায় ঠাকুরবাড়ির সদস্যদের সক্রিয় ও সোৎসাহে অংশগ্রহণ ইতিহাসের এক অধ্যায়। রবীন্দ্রনাথও সমর্থন করেছিলেন এই আন্দোলনকে. অন্তত একটা পর্যায়ে। তবে তার আগেও কংগ্রেসের বার্ষিক অধিবেশনে আমন্ত্রিত হতেন রবীন্দ্রনাথ-সহ ঠাকুরবাড়ির অন্যান্য সদস্যরা যোগদানও করতেন।

প্রসঙ্গত ১৮৯৬-এ কংগ্রেসের বাৎসরিক অধিবেশন অনুষ্ঠিত হয়েছিল কোলকাতায়। সে সময় ব্রিটিশ সরকার ময়দানের দিকে কোথাও রাজনৈতিক সমাবেশ করতে দিত না। সেজন্য স্থির হয়েছিল বিডন স্কোয়ারে কংগ্রেস অধিবেশন হবে। সেইমতো সেখানেই প্যাণ্ডাল হলো যেখান থেকে আবার জোড়াসাঁকো ঠাকুরবাড়ি খুব কাছে। রথীন্দ্রনাথ ঠাকুর 'পিতৃস্মৃতি'তে লিখছেন-'আমাদের বাড়িতেও তাই কংগ্রেসের আয়োজন নিয়ে বেশ হৈ চৈ পড়ে গিয়েছিল, বাবার উপর ভার পড়ল গানের ব্যবস্থা করবার। রিহার্সেল চলতে লাগল'। রবীন্দ্রনাথ তখন ৩৫,তিনি এ উপলক্ষে সুর দিলেন বঙ্কিমচন্দ্রের 'বন্দেমাতরম'-এ এবং অধিবেশনের আরম্ভে একা গানটি গাইলেন-সঙ্গে অর্গান বাজিয়ে সহযোগিতা করেছিলেন ভাগ্নী, স্বর্নকুমারী দেবী ও বিশিষ্ট কংগ্রেস নেতা জানকীনাথ ঘোষালের সুযোগ্যা কন্যা সরলা দেবী। তখন মাইকের ব্যবহার ছিল না, কিন্তু রথীন্দ্রনাথের বিবরণ অনুসারে 'বাবার গলা যন্ত্রের সাহায্য ছাড়াই প্যাণ্ডেলের বিপুল জনতার শেষ প্রান্ত পর্যন্ত শোনা গিয়েছিল। পরের বছর ১৮৯৭এ বঙ্গীয় কংগ্রেসের প্রাদেশিক সম্মেলন হয় রাজশাহীর নাটোরে। নিমন্ত্রণকর্তা ছিলেন নাটোরের মহারাজা জগদিন্দ্রনাথ। তাঁর আমন্ত্রনে নাটোরে উপস্থিত হয়েছিলেন ঠাকুরবাড়ির পুরুষেরা সবাই এবং রবীন্দ্রনাথও। তবে তাঁর দাবি ছিল সম্মেলনে বক্তৃতা দিতে হবে বাংলায়। রথীন্দ্রনাথ সে অধিবেশনের বিবরণ দিয়ে লিখেছেন-১৮৯৭ সালে যে ভূমিকম্প হয় সেরকম ভূমিকম্প বাংলায় আর কখনো হয়নি। প্রথম দিনেই যা কনফারেন্স হয়েছিল। ঘটনার অনেকদিন পরে বাবার কাছে তার একটি গল্প শুনি। ন্যাশন্যাল কংগ্রেসের অধিবেশনে ইংরেজি ভাষা হয় তার মানে আছে, কিন্তু প্রাদেশিক সম্মেলনেও ইংরেজিতে বক্তৃতা হবে বাবার তাতে খুব আপত্তি ছিল। কনফারেন্সের সভাপতি মেজ জ্যাঠামশায়েরও তাই মন দেখে, বাবা বললেন, বাংলা ভাষা ব্যবহার হোক, এই মর্মে সভার প্রারম্ভেই তিনি এক প্রস্তাব তুললেন। প্রস্তাব গৃহীত হল। কিন্তু কংগ্রেসের যারা প্রকৃত পাণ্ডা তারা অত্যন্ত ক্ষুব্ধ হলেন দেখে বাবা তাঁদের শান্ত করলেন এই প্রতিশ্রুতি দিয়ে যে, তাঁদের ইংরেজি বক্তৃতা তিনি নিজে সঙ্গে সঙ্গে বাংলায় তর্জমা করে দেবেন। তাঁরা তখনকার মত আশ্বস্ত হলেন বটে কিন্তু তাঁদের মনে রাগ রয়ে গেল। সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, রাসবিহারী ঘোষ সব মহারথীরা বরাবর ইংরেজিতে বক্তৃতা দিয়েছেন-তাঁদের ইংরেজি ভাষায় যেমন দখল, বক্তৃতা দেবার ক্ষমতাও তেমনি আশ্চর্য। তাঁরা বাংলায় কি করে বক্তৃতা দেবেন? অধিবেশন ভাঙ্গার সময় উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় ঠাট্টা করে বাবাকে বললেন- 'Rabibabu your Bengali was wonderful–but do you think your chasa and bhusas understand melliflous Bengali better than our English'

রবীন্দ্রনাথ নিজে এ সম্পর্কে বলেছেন- রাজশাহী সম্মিলনীতে নাটোরের পরলোকগত মহারাজা জগদিন্দ্রনাথের সঙ্গে চক্রান্ত করে সভায় বাংলা ভাষা প্রবর্তন করাবার প্রথম চেষ্টা যখন করি, তখন উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় প্রভৃতি সমসাময়িক রাষ্ট্রনেতারা আমার প্রতি একান্ত ক্রুদ্ধ হয়ে কঠোর বিদ্রুপ করেছিলেন, ... পর বৎসরে রুগ্ন শরীরে ঢাকা কনফারেন্সেও আমাকে এই চেষ্টায় প্রবৃত্ত হতে হয়েছিল। আমার এই সৃষ্টিছাড়া উৎসাহ উপলক্ষ্যে তখন এমনতরো একটা কানাকানি উঠেছিল যে ইংরেজি ভাষায় আমার দখল নেই বলেই রাষ্ট্রসভার মতো অজায়গায় আমি বাংলা চালাবার উদযোগ করেছি।...বাঙ্গালির ছেলের পক্ষে যে গালি সবচেয়ে লজ্জার সেইটেই সেদিন আমার প্রতি প্রয়োগ করা হয়েছিল, অর্থাৎ ইংরেজি আমি জানি নে।



রথীন্দ্রনাথ ঠাকুরের কথায়, স্বদেশপ্রীতি আমাদের বাড়িতে নতুন নয়। আমার প্রপিতামহ দ্বারকানাথ ঠাকুর যদিও ইংরেজ বনিক সম্প্রদায় ও ইস্ট ইণ্ডিয়া কোম্পানীর কর্মচারীদের সাথে ঘনিষ্ঠতা রাখতেন, তাদের বাগানবাড়ীতে নিমন্ত্রন করে প্রায়ই ভোজ খাওয়াতেন,বিলাতের ধনী পরিবারের সঙ্গে অন্তরঙ্গভাবে মেলামেশা করতেনত। কিন্তু তবু তিনি তাঁর ভারতবর্ষীয় বেশ কখনো ছাড়েননি বা চালচলনের পরিবর্তন করেননি। মহর্ষি আমলেও কোন বিদেশীভাব, আচার অনুষ্ঠান আমাদের বাড়িতে প্রবেশ করতে পারেনি। আমার জ্যাঠামশায়রা সকলেই দেশভক্ত ছিলেন। নানা অনুষ্ঠানের দ্বারা বাংলা সাহিত্য সঙ্গীত, শিক্ষাদীক্ষার মধ্যে দিয়ে স্বাদেশিকতায় লোককে অনুপ্রাণিত করতে চেষ্টা করেছিলেন। তখনকার দিনে ভারতীয় আই সি এস'রা উগ্র রকমের সাহেব বনে যেতেন। মেজ জ্যাঠামশায় সত্যেন্দ্রনাথ তাঁদের অগ্রনী ছিলেন তবু তাঁর মধ্যে সাহেবিয়ানা মোটেই ছিলনা। তিনিই প্রথম ভারতের জাতীয়সঙ্গীত লেখেন-'মিলে সবে ভারতসন্তান'। এই গানটি হিন্দুমেলায় প্রথম গীত হয় এবং বঙ্কিমচন্দ্রের উচ্ছ্বসিত প্রশংসা লাভ করে'।

'জীবনস্মৃতি'তে বিধৃত আছে রবীন্দ্রনাথের বালকবেলায় ঠাকুর পরিবারে স্বাদেশিকতার আবহ কেমন ছিল। দেশলাই তৈরি করে স্বদেশী শিল্প প্রবর্তনের প্রচেষ্টা ও স্বদেশি জাহাজ চালাতে গিয়ে কিভাবে ও কীরকম ঋনজালে জড়িয়ে পড়ার ঘটনাও বিস্তৃতভাবে বর্ণিত হয়েছে কবিগুরুর লেখনীতে। রথীন্দ্রনাথের কথায়,স্বদেশপ্রেম আমাদের সকলের মজ্জাগত ছিল। তাই বাংলায় যখন স্বদেশী আন্দোলন শুরু হল তখন জোড়াসাঁকোর বাড়িতে তার সাড়া পড়তে বাধা পায়নি,সকলেই এই আন্দোলনে পুরোমাত্রায় যোগ দিয়েছিলেন। স্বদেশী আন্দোলন যদি কেবলমাত্র রাজনৈতিক আন্দোলন হত তাহলে জ্যাঠামশায়রা বা বাবা এত উৎসাহ পেতেন কিনা সন্দেহ আছে'। স্বদেশী আন্দোলনের তরঙ্গ শান্তিনিকেতনেও এসে পৌছেঁছিল। রথীন্দ্রনাথের দেওয়া বিবরনে পাওয়া যায়-আমরা চঞ্চল হয়ে উঠলুম। দিনেন্দ্রনাথ ও অজিত চক্রবর্তী কয়েকজন অধ্যাপক ও ছাত্র নিয়ে প্রত্যহ ভোরবেলায় গ্রামে চলে যেতে লাগলেন উষা কীর্তন করতে। বাবা তখন স্বদেশিগান তৈরি করছেন। এক একটি গান বাঁধা হয় দিনেন্দ্রনাথ ও অজিত চক্রবর্তী বাবার কাছ থেকে সেগুলি শিখে নিয়ে দেশময় ছড়িয়ে যাবার আগেই শান্তিনিকেতনের চারদিকের গ্রামে সেগুলি পরিবেশন করে আসেন। এই সময় জাপানের হাতে রাশিয়ার পরাজয়ের সংবাদ এসে পৌঁছলে উৎসাহ যেন আরো বেড়ে গেল। রথীন্দ্রনাথের কথায়-এশিয়ার একটি নবজাগ্রত ক্ষুদ্র দেশ জাপানের জয় পূর্ব-মহাদেশের জয় মনে করে আমাদের বুক ফুলে উঠল'। তাঁর অনুভবে- জাপানের কাছে রুশের পরাজয় আমাদের মনে স্বাধীনতা পাবার আকাঙ্খা জাগিয়ে তুলতে সাহায্য করেছিল সে বিষয়ে সন্দেহ নেই।তবে রবীন্দ্রনাথের অনুভবে ছিল যে 'দেশের আসল সমস্যা হল স্বদেশি শিক্ষার সমস্যা এবং দেশের শিক্ষা সমস্যা একমাত্র প্রতিকার হলো স্বদেশি বিদ্যালয় প্রতিষ্ঠা'। রথীন্দ্রনাথের বিবরনে জানা যায় এই চিন্তা তাঁকে যেন পেয়ে বসল। সেদিনই গিরিডি ছেড়ে চলে এলেন কোলকাতায় এবং জাতীয় শিক্ষা পরিষদ (ন্যাশন্যাল কাউন্সিল অব এডুকেশন) যে শিক্ষায়তন শুরু করবে তার নিয়মতন্ত্র ও পাঠ্যক্রম নিজের হাতে প্রস্তুত করে দেবার প্রতিশ্রুতিও দিয়েছিলেন। কিন্তু কাউন্সিলের দু/চারটে অধিবেশনে যোগ দিয়ে বুঝলেন উদ্যোক্তাদের অধিকাংশ চাইছেন কোলকাতা বিশ্ববিদ্যালয়ের একটি প্রতিযোগী প্রতিষ্ঠান গড়ে তুলতে। সে যাই হোক, পূর্বেই উল্লেখিত বঙ্গভঙ্গ আন্দোলন শুরু হলে রবীন্দ্রনাথও সক্রিয়ভাবে জড়িয়ে পড়েন এর সাথে। ১৭ই সেপ্টেম্বর সাবিত্রী লাইব্রেরিতে এক সভায় সভাপতির ভাষণে রবীন্দ্রনাথ ১৬ই অক্টোবর 'অরন্ধন' পালন করে উপোষের মাধ্যমে প্রতিবাদ করার এবং বাঙালি জাতির ঐক্যের প্রকাশ হিসেবে রাখীবন্ধন উৎসবের আহ্বান করেন। গিরিডিতে থাকাকালীন এই উপলক্ষে তিনি 'বাংলার মাটি বাংলার জল' এবং আরও কিছু সঙ্গীত রচনা করেছিলেন যেগুলি বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে সাধারণ মানুষের মুখেও ভাষা যুগিয়ে অনুপ্রাণিত করেছিল। কিন্তু এই স্বদেশী আন্দোলনে বিপ্লবীদের সন্ত্রাসবাদী কার্যকলাপ রবীন্দ্রনাথের অনুমোদন পায় নি বললে কম বলা হয়,তিনি এর তীব্র বিরোধী ছিলেন।

রথীন্দ্রনাথের ভাষ্যে — বাংলার অগ্নিযুগে বাবা যেন বঙ্গভঙ্গ আন্দোলনের একবারে সামনের সারিতে এসে দাঁড়ালেন। গানে, কবিতায়, বক্তৃতায় কার্জনের ভেদনীতির তীব্র বিরোধিতা করে ছিলেন। বাংলাদেশে তিনি রাখিবন্ধন উৎসবকে এক নুতন তাৎপর্য দিলেন। কিন্তু এরপর স্বদেশি আন্দোলন যখন সন্ত্রাসবাদের চোরাগলির দিকে পা বাড়াল বাবা বুঝলেন তার পথ স্বতন্ত্র। স্বদেশি আন্দোলনর সময় থেকে শুরু করে একেবারে অসহযোগের যুগ অবধি বাবাকে দেখেছি তিনি বারবার দেশ গড়বার উপর জোর দিয়েছেন ভাঙবার দিকে নয়। আর পাঁচজন লোক তাঁকে ভুল বুঝেছে নিন্দা করেছে কিন্তু তিনি তাঁর নিজের পথ ছাড়েননি। এই কারণে বাবা অসহযোগকে 'রাজনৈতিক বৈরাগ্য' বলে অভিহিত করেছেন এবং ১৯২০-২১ সালের আন্দোলনকে মেনে নিতে পারেননি। যদিও 'স্বদেশী আন্দোলন ও বাংলার নবযুগ' গ্রন্থের রচয়িতা হরিদাস মুখোপাধ্যায় ও উমা মুখোপাধ্যায় এর মতে- বিদেশি শাসকগোষ্ঠীর সঙ্গে সত্যকার রাজনৈতিক সংগ্রাম শুরু হবার পূর্বে 'বয়কট' নীতি বাংলাদেশে প্রায় সার্বজনিক স্বীকৃতি পেয়েছিল। কিন্তু সংগ্রাম আরম্ভ হলে কোনও কোনও ব্যক্তি 'বয়কট' এর ভয়াবহ শক্তি লক্ষ্য করে আন্দোলন থেকে সরে দাঁড়ান এবং এই বলে অভিযোগ করেন যে,এজাতীয় স্বদেশনিষ্ঠা বিশ্বপ্রেমের বিরোধী,অতএব নিন্দনীয়। ১৯০৭ সালে রবীন্দ্রনাথও এই পরিবর্তিত দৃষ্টিভঙ্গির প্রতিনিধি ছিলেন। তখন তিনি 'বয়কট'কে আর সমর্থন করতে পারলেন না এই বলে যে, এর সর্বাঙ্গে জড়ানো রয়েছে বিজাতীয় বিদ্বেষ, যা মানবধর্মের বিরোধী'।

রবীন্দ্রনাথের এমন প্রতীতির প্রকাশই হয়ত পেয়েছে ১৯১৬-এ প্রকাশিত 'ঘরে বাইরে' এবং অনেক পরে ১৯৩৪ এ প্রকাশিত 'চার অধ্যায়ে'।

আবার ১৯১০ এর ফেব্রুয়ারিতে প্রকাশিত 'গোরা' উপন্যাসের মধ্য দিয়ে রবীন্দ্রনাথ তাঁর কল্পনার বা ইপ্সিত ভারতবর্ষের যে রূপ দিতে প্রয়াসী তার কিঞ্চিৎ আভাস পাওয়া যায় ১৯০৯এর অক্টোবরে অজিত কুমার চক্রবর্তীকে লেখা পত্রে- বর্তমান ভারতবর্ষে যাদের সঙ্গে আমাদের রাজনৈতিক স্বার্থের প্রতিকুলতা আছে এ রাখি তাদের কাছ থেকেও নিরস্ত হবে না। তারা যদি প্রত্যাখান করে আমরা প্রত্যাখান করব না-আমরা বারম্বার সহস্রবার সকলকেই প্রীতির বন্ধনে ঐক্যে বন্ধনে বাঁধবার চেষ্টা করব-এইটেই আমাদের একটা দায়। অন্যদেশের পলিটিক্যাল ইতিহাস থেকে এ সম্বন্ধে আমি কোন শিক্ষা নিতে প্রস্তুত নই-আমাদের ইতিহাস স্বতন্ত্র।

তিনি সর্বদা দেশের মানুষের আত্মশক্তি ও আত্মনির্ভরতার স্বায়ত্বশাসনের উপর গুরুত্ব দিতে চেয়েছেন। কারণ তাঁর অনুভবে ইউরোপ তথা পাশ্চাত্যে রাষ্ট্র হলো জাতীয়তাবাদের মূল ভিত্তি ভারতবর্ষে জাতীয়তাবাদের প্রধান আধার হলো সমাজ। প্রসঙ্গত রবীন্দ্রনাথের সর্ববৃহৎ ও জটিল উপন্যাস ১৯১০ এ প্রকাশিত 'গোরা', যেখানে রবীন্দ্রালোকে ও ভাবাদর্শে সৃজিতা আনন্দময়ীই যেন ভারতমাতার প্রকৃত রূপ— যাঁর স্নেহের আঁচলে আছে জাত-ধর্ম-বর্ণ নির্বিশেষে সবার নির্ভয় আশ্রয়। নিবেদিতা না চাওয়াতেই এ উপন্যাসের বিয়োগান্ত সমাপ্তি করতে পারেননি এবং উপন্যাস সমাপ্ত করার পরও সেকারণে পরিবর্তন করতে হয়েছিল সেকথা রবীন্দ্রনাথ নিজেই বনফুল বা বলাইচাঁদ মুখোপাধ্যায়ের সাথে কথপোকথনে এবং উইলিয়াম পিয়ারসনকে এক পত্রে এভাবে-She was quite angry at the idea of Gora being rejected even by his disciple Sucharita owing to his foreign origin. উপন্যাসে গোরার কোন কোন চরিত্র বৈশিষ্ট্যের সাথে একদা রবীন্দ্রসুহৃদ ব্রহ্মবান্ধব উপাধ্যায়-এর চরিত্রের মিল অনেকে খুঁজে পান। আর বিনয় চরিত্র যেন রবীন্দ্রনাথের প্রচ্ছন্ন সত্তা। বিনয় হয়ত সে কারণেই বলে আমরা দেশকে বলি মাতৃভূমি কিন্তু দেশের সেই নারীমূর্তির মহিমা দেশের স্ত্রীলোকের মধ্যে যদি প্রত্যক্ষ না করি তাহলে কখনোই দেশের উপলব্ধি আমাদের কাছে উজ্জ্বল হয়ে উঠবে না। বিষয় দৃষ্টিভঙ্গী ও আখ্যান নিয়ে 'ঘরে বাইরে' কিংবা 'চার অধ্যায়'-এ রাজনৈতিক উপন্যাসদ্বয়ের মত 'গোরা' বাঙ্গালীর মনীষার বিতর্কের উপজীব্য না হয়েও আজও প্রাসঙ্গিক বাঙ্গালী মননে, রবীন্দ্রনাথের স্বদেশ ভাবনার দ্যোতনা হিসেবে। সক্রিয় রাজনীতির অঙ্গনে বিচরনে তাঁর আগ্রহ না থাকলেও দেশের রাজনৈতিক ঘটনাবলী, জাতীয় মুক্তি আন্দোলনের ঘটনাপ্রবাহ সম্বন্ধে সম্যক অবহিত ছিলেন রবীন্দ্রনাথ। তাঁর বিশ্বভাবনাও স্বদেশভাবনা ব্যতিরেকে নয়; যখনই ডাক এসেছে তাঁর প্রতিবাদী সত্তা,অন্তরের অপরিসীম মমত্ব তাঁকে বৃদ্ধ বয়সে অসুস্থ অবস্থায়ও মানুষের পাশে, ন্যায়ের পাশে এককভাবে হলেও, দাঁড়াতে শক্তি যুগিয়েছে। যখনই কোন অন্যায় অনৈতিকতা তাঁর দৃষ্টিগোচর হয়েছে বা তাঁর অনুভবে এসেছে স্রোতের অনুকূলে ভাসতে অনাগ্রহী তিনি সমালোচিত হওয়ার সম্ভাবনা নিয়েও নিজের অনুভব সুস্পষ্ট ভাবে ব্যক্ত করেছেন তাঁর বক্তব্যে ও লেখনীতে। আজ সেই মহাপ্রাণের একশ বাষট্টিতম জন্মবার্ষিকীতে সশ্রদ্ধ প্রণামে উচ্চারিত হোক

*আকাশে বরুনে দূরে স্ফটিক ফেনায়*
*ছড়ানো তোমার প্রিয়নাম*
*তোমার পায়ের পাতা সবখানে পাতা—*
*কোনখানে রাখব প্রনাম'।।*

# রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যসাধনা ও উপনিষদ চর্চা

**নন্দিতা চ্যাটার্জি**

ছোট্ট রবি পিতা মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের কাছে শেখা ঈশোপনিষদের এই মন্ত্র টি 'তেন ত্যক্তেন ভুঞ্জিথা মা গৃধ।' আনন্দ করো তাই নিয়ে যা তোমার কাছে সহজে এসেছে - লোভ করোনা। কাব্য সাধনায় এই মন্ত্রই হলো মূলধন। তিনি ব্রহ্মকারা বৃত্তিতে জীবনকে প্রতিষ্ঠিত করেছিলেন,তাই ঋষি রবীন্দ্রনাথ বললে অত্যুক্তি হয়না। আমরা বিশ্ব কবি রবীন্দ্রনাথ কে চিনি কিন্তু তার সাহিত্য চর্চার পিছনে আছে গভীর ঈশ্বর সাধনা তা আমরা অনেকেই জানিনা। তাঁর আশি বছরের জীবন ছিল বিচিত্রতায় পরিপূর্ণ। তিনি উপন্যাস,ছোট গল্প, কবিতা, গান, প্রবন্ধ অনেক রচনা করেছেন। তাঁর প্রতিভা সমস্ত সৃষ্টি কে সোনার কাঠি ছুঁইয়ে গেছে। তিনি উপলব্ধি করেছিলেন সুখ আর আনন্দ এক জিনিস নয়। দুঃখের রক্ত কমলে আনন্দের অধিষ্ঠান।

'সুখেতে আসক্তি যার, আনন্দ তাহারে করে ঘৃনা/কঠিন বীর্যের তারে বাঁধা আছে সম্ভোগের বীণা'।

ঋষি রবীন্দ্রনাথের জীবন ছিল আঘাতে আঘাতে পরিপূর্ণ। প্রিয়জনের মৃত্যুশোক তাকে ধরাশায়ী করে ফেলতে পারেনি। ব্যথা বেদনার দহন বুকের মধ্যে ধরে রেখে তিনি বলেন - 'নম্রশিরে সুখের দিনে/তোমার মুখ লইব চিনে/দুখের রাতে নিখিল ধরা/যেদিন করে বঞ্চনা/তোমারে যেনো না করি সংশয়।'

ঋষি রবীন্দ্রনাথ ঠাকুর নিরাকারের উপাসক ছিলেন,কিন্তু তিনি প্রতিমা পূজায় বিশ্বাস করতেন। তিনি উপলব্ধি করেছেন সগুন ব্রহ্ম (প্রতিমা পূজা) থেকে নিরাকার ব্রহ্মে পৌঁছাতে গেলে প্রতিমা পূজার প্রয়োজন আছে। আবার হিন্দু ধর্মের কুসংস্কারের আগাছা গুলিকে উবরে ফেলে উপনিষদ ও গীতার আদর্শে জীবন গঠন করেছেন।

ঋষি রবীন্দ্রনাথকে দেখা যায় অচলায়তন নাটকে কুসংস্কারের বিরুদ্ধে আক্রমণ চালিয়েছেন। এই নাটকে দেখা যায় মহা পঞ্চক ও পঞ্চক দুই ভাইই আশ্রমিক। দুইজনের ই চরিত্র আলাদা। মহা পঞ্চকের আচার অনুষ্ঠান ছিল পর্বতপ্রমাণ। পঞ্চক এই আচার অনুষ্ঠানের আবরণ থেকে বেরিয়ে আসতে চায়। এমন সময় গুরু এসে আশ্রম এর দেওয়ালগুলিকে ভেঙে মাটির সঙ্গে মিশিয়ে দেয়। মহা পঞ্চকের দল ও মহা পঞ্চক আক্রমন চালালেন গুরুর বিরুদ্ধে কিন্তু অবশেষে ব্যর্থ হলো।

'শ্যামলী' কাব্যে 'আমি' কবিতার মধ্যে দেখা যায় বেদান্তের নির্যাস।তিনি বিরাট সত্তা কে প্রত্যেক জীবের মধ্যে অনুভব করেছেন।

'আমারই চেতনার রঙে পান্না হলো সবুজ/চুনী উঠলো রাঙা হয়ে/আমি চোখ মেললুম আকাশে/জ্বলে উঠলো আলো/পূবে পশ্চিমে।/গোলাপের দিকে চেয়ে বললুম 'সুন্দর'-/সুন্দর হলো সে।'



সেই বিরাট সত্তার একটু ক্ষুদ্র সত্তা আমাদের মধ্যে আছে বলেই তাঁরই চেতনার উপস্থিতি তে পান্না কে সবুজ দেখি,চুনী কে দেখি লাল এবং গোলাপ কে সুন্দর দেখি। সেই বিরাট সত্তার ক্ষুদ্র অংশ যখন আমাদের দেহ থেকে বিদায় নেয় তখন আর কোনো অনুভব থাকে না। দেহ জড়ে পরিণত হয়।

'নৈবেদ্য' কাব্যের মধ্যে ভাবের ব্যঞ্জনা প্রায় একই,তার মধ্যে 'মুক্তি' কবিতাটি তে দেখি বন্ধন ও মুক্তি এবং ত্যাগ দ্র ভোগের এক পরস্পর বিরোধী মনী কাঞ্চনের যোগ আছে। তিনি সাধকদের মত নিবৃত্তির পথকে বেছে নেন নি বরং গোপীনিদের মতো প্রবৃত্তির পথ বেছে নিয়েছেন।

ইন্দ্রিয়ের দ্বার/রুদ্ধ করি যোগাসন,সে নহে আমার/যে কিছু আনন্দ আছে দৃশ্যে গন্ধে গানে/তোমার আনন্দ রবে তার মাঝখানে।

এখানে সমস্ত ইন্দ্রিয় দিয়ে পরম পিতার তপস্যা করেছেন। রবীন্দ্রনাথের আধ্যাত্মিক প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে 'গীতাঞ্জলি' কাব্য গ্রন্থের প্রাসঙ্গিকতা লক্ষ্য করা যায় এই কাব্য গ্রন্থের গান ও কবিতা গুলি মন দিয়ে পড়লে অনাস্বাদিত ভাব মাধুর্য লাভ করা যায়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় মৃত সৈনিকের পকেটে 'গীতাঞ্জলি' কাব্যের এর কবিতার দুইখানি লাইন পাওয়া গেছে।

যাবার দিনে এই কথাটি/বলে যে যাই — /যা দেখেছি যা পেয়েছি/তুলনা তার নাই।

রবীন্দ্রনাথের গভীর আধ্যাত্ম সাধনা ছিল গীতার কর্মযোগের উপর প্রতিষ্ঠিত।ভক্তির ক্ষেত্রে অপ্রমত্ত ও শান্ত ভাব এবং ত্যাগের ক্ষেত্রে বুদ্ধ, চৈতন্য ভাবের ধারায় প্রভাবিত। রবীন্দ্রনাথের গান গুলি বিশেষ করে পূজা ও ব্রহ্ম সঙ্গীত গুলিতে গীতার প্রভাব আছে। যেমন গীতার একাদশ অধ্যায় 'বিশ্বরূপ দর্শন' যোগে সঞ্জয় বলছেন দিবি সূর্য সহস্রস্য ভবেদ যুগপৎ উত্থিতা।

যদি ভাঃ সদৃশি সা স্যাৎ ভাসঃ তস্য মহাত্মনঃ।।১২।।

সঞ্জয় বলছেন বিশ্বরূপ সম্পর্কে আকাশে সহস্র সূর্য উঠলেও পরমাত্মার জ্যোতির কাছে ম্লান। কারণ চেতন সত্তাতেই সব প্রকাশিত হয় আর সমস্তই জড়।এই শ্লোকের ছায়ায় রবীন্দ্রনাথ লিখলেন 'মহারাজ, একি সাজে এলে হৃদয় পুর মাঝে/চরণতলে কোটী শশী সূর্য মরে লাজে।।/গর্ব সব টুটিয়া মূর্ছি পড়ে লুটিয়া, /সকল মম দেহ মন বীণা সম বাজে।।'

মানুষের এমন কোনো চিন্তা নেই যেখানে রবীন্দ্রনাথের চিন্তা বিচরণ করেনি। তাঁর সাহিত্য সৃষ্টির জমি ছিল উপনিষদ, গীতা ও বৈষ্ণব সাহিত্যের উপর প্রতিষ্ঠিত। ক্ষুদ্র বুদ্ধি দিয়ে রবীন্দ্রনাথ কে মূল্যায়ন করা অসম্ভব,একমাত্র আরেকটি রবীন্দ্রনাথ পারবে ঋষি রবীন্দ্রনাথের সঠিক মূল্যায়ন করতে।

Ekdin_Page_11_10052024_Layout 1 5/9/2024 9:49 PM Page 1



# অনুশীলনই করতে পারল না দুই দল



**নিজস্ব প্রতিবেদন:** ইডেনে শনিবার মুখোমুখি কলকাতা নাইট রাইডার্স এবং মুম্বই ইন্ডিয়ান্স। কিন্তু বৃহস্পতিবার অনুশীলনই করতে পারল না দুই দল। এ দিন দুপুর থেকে বৃষ্টি হয়েছে কলকাতায়। কোথাও কোথাও শিলাবৃষ্টিও হয়েছে। দু'টি দলেরই বৃহস্পতিবার বিকেল ৫টা থেকে ইডেনে অনুশীলন করার কথা ছিল। কিন্তু বৃষ্টির কারণে অনুশীলন বাতিল করে দেয় দুই দলই।

এ বারের আইপিএল থেকে ছিটকে গিয়েছে মুম্বই। কোনও ভাবেই হার্দিক পাণ্ড্যের দল প্লে-অফে উঠতে পারবে না। অন্য দিকে, কলকাতা লিগ শীর্ষে রয়েছে। প্লে-অফের রাস্তা প্রায় পরিষ্কার করে ফেলেছেন শ্রেয়স আয়ারেরা। আর একটি ম্যাচ জিতলেই প্রথম চারে জায়গা পাকা হতে পারে নাইটদের। এমন অবস্থায় দুই দলের প্রস্তুতিতে বাধা হয়ে দাঁড়াল বৃষ্টি।

কলকাতার কিছু অংশে বৃহস্পতিবার দুপুরে শিলাবৃষ্টি হয়। সঙ্গে ঝোড়ো হাওয়া। দক্ষিণ ২৪ পরগনা-সহ আশপাশের জেলাতেও বৃষ্টি হয়েছে। তবে কলকাতার সব জায়গায় একসঙ্গে বৃষ্টির সম্ভাবনা নেই। বিক্ষিপ্ত ভাবে বৃষ্টির হওয়ার কথা। বৃষ্টির সময় বাসিন্দাদের ঘরে থাকার পরামর্শ দিয়েছে হাওয়া অফিস।

হাওয়া অফিস জানিয়েছে, এই সপ্তাহে বৃষ্টি চলবে। আপাতত আগামী শনিবার পর্যন্ত কলকাতা-সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বজ্রবিদ্যুৎ-সহ হালকা থেকে মাঝারি বৃষ্টি এবং ঝোড়ো হাওয়ার পূর্বাভাস রয়েছে। শনিবারই ইডেনে কলকাতা বনাম মুম্বই ম্যাচ। সেই সময় বৃষ্টি হলে ভেস্তে যেতে পারে খেলা। সে ক্ষেত্রে পয়েন্ট ভাগ হয়ে যাবে দুই দলের মধ্যে।

# কলকাতার বিরুদ্ধে জার্সি বদলে নামবে শুভমনের গুজরাত



**নিজস্ব প্রতিবেদন:** ক্যানসার নিয়ে সচেতনতা বৃদ্ধি করতে জার্সির রং বদল গুজরাত টাইটান্সের। গত বছর ল্যাভেন্ডার রঙের জার্সি পরেছিলেন শুভমন গিলেরা। এ বারেও সেটাই করবেন তাঁরা। কলকাতা নাইট রাইডার্সের বিরুদ্ধে গুজরাত দলকে দেখা যাবে ওই বিশেষ জার্সিতে।

ক্যানসার নিয়ে সচেতনতা বৃদ্ধির জন্য শুভমন বলেন, তখেলোয়াড় হিসাবে আমাদের কিছু দায়িত্ব রয়েছে সমাজের কাছে। ল্যাভেন্ডার জার্সি পরে আমরা ক্যানসর যোদ্ধাদের সম্মান জানাতে চাই। তাঁদের সাহসকে কুর্নিশ জানাতে চাই আমরা। এই পৃথিবীতে ক্যানসার আক্রান্তের সংখ্যা কমানোর জন্য এর সম্পর্কে অবহিত হওয়া প্রয়োজন। সেই কারণেই আমরা সচেতনতার বার্তা দিতে চাই।দ

ল্যাভেন্ডার এমন একটি রং যা, সব ধরনের ক্যানসারের প্রতীক। এই রোগ কারও শরীরে দ্রুত নির্ণয় হলে সুস্থ হওয়া সম্ভব। সেই বার্তাই দিতে চাইছেন শুভমনেরা। গুজরাতের সিওও কর্নেল অরবিন্দর সিংহ বলেন, তক্যানসার বহু প্রাণ কেড়ে নিয়েছে। আমরা ল্যাভেন্ডার জার্সি পরে শ্রদ্ধা জানাতে চাই। ক্যানসার রোগী এবং জয়ীদের পাশে থাকার বার্তা এই জার্সি।দ

কেকেআরের বিরুদ্ধে গুজরাতের ম্যাচ রয়েছে ১৩ মে। সোমবার আমদাবাদে খেলবে এই দুই দল। লিগ তালিকায় সবার শেষে রয়েছেন শুভমনেরা। কলকাতা সবার উপরে। এখন দেখার এই ম্যাচে শুভমনেরা কোনও অঘটন ঘটাতে পারেন কি না। গত বারের আইপিএলে আমদাবাদে গুজরাতের বিরুদ্ধে পাঁচটি ছক্কা মেরে ম্যাচ জিতিয়েছিলেন রিঙ্কু সিংহ।

## Format C-1

**(For candidate to publish in Newspapers, TV)**

**Declaration about Criminal Cases**

(As per the judgment dated 25th September, 2018, of Hon'ble Supreme Court in WP (Civil) No. 536 of 2011 (Public Interest Foundation & Ors. Vs. Union of India & Anr.)

Name and address of candidate : **KUNDAN SINGH,** **Son of Chandra Bhan Singh aged 40 years, resident of 183, Oria Para Road, Post Office:- Garulia & Police Station: - Noapara, District:-North 24 Parganas, Pin. 743133 (W.B)

Name of political party : **"INDEPENDENT"** (Independent candidates should write "Independent" here)

Name of Election : **-THE HOUSE OF PEOPLE 2024**

*Name of Constituency : **-15 - BARRACKPORE PARLIAMENTARY CONSTITUENCY**

**I, KUNDAN SINGH** (name of candidate), a candidate for the abovementioned election, declare for public information the following details about my criminal antecedents:-

**(A) Pending Criminal Cases**

| S.L. NO. | Name of the court | Case No. and dated | Status of Case(s) | Section (s) of Acts concerned and brief description of offences |
|---|---|---|---|---|
| 1. | Pending before Learned court of A.C.J.M. at Barrackpore | Noapara PS Case No-116 of 2020 | Pending before Learned court of A.C.J.M. at Barrackpore. | Noapara PS Case No-116 of 2020 Under Section 323 /325 /147 /143/34 IPC Punishment for voluntarily hurt, Voluntarily causing Grievous Hurt, Rioting, Unlawful assembly, Act done by several persons in furtherance of common intention. |
| 2. | Pending before Learned court of A.C.J.M. at Barrackpore | Noapara PS Case No-142 of 2020 | Pending before Learned court of A.C.J.M. at Barrackpore | Noapara PS Case No-142 of 2020 Under Section 147 /148 /149 /323 /325/ 34 IPC Rioting, Unlawful assembly, Every member of unlawful assembly guilty of offence committed in prosecution of common object, Act done by several persons in furtherance of common intention. |

**(B) Details about cases of conviction for criminal offences**

| S.L. NO. | Name of court & Date(s) of order(s) | Description of offence(s) & punishment imposed | Maximum Punishment Imposed |
|---|---|---|---|
| NIL | NIL | NIL | NIL |

## Format C-1

**(For candidate to publish in Newspapers, TV)**

**Declaration about Criminal Cases**

(As per the judgment dated 25th September, 2018, of Hon'ble Supreme Court in WP (Civil) No. 536 of 2011 (Public Interest Foundation & Ors. Vs. Union of India & Anr.)

Name and address of candidate : **SANJAY SINGH** and Holding No:-18 BL No.18 P.O. & P.S. Jagatdal, District:-North 24 Parganas,Pin. 743125 (W.B)

Name of political party : **"INDEPENDENT"** (Independent candidates should write "Independent" here)

Name of Election : **-THE HOUSE OF PEOPLE 2024**

*Name of Constituency : **-15 - BARRACKPORE PARLIAMENTARY CONSTITUENCY**

**I, SANJAY SINGH** (name of candidate), a candidate for the abovementioned election, declare for public information the following details about my criminal antecedents:-

**(A) Pending Criminal Cases**

| S.L. NO. | Name of the court | Case No. and dated | Status of Case(s) | Section (s) of Acts concerned and brief description of offences |
|---|---|---|---|---|
| 1. | Pending before Learned court of A.C.J.M. at Barrackpore | JAGATDAL PS CASE NO -284/19 **DATED 01-04-2019** | Pending before Learned court of A.C.J.M. at Barrackpore. | **U/S 341/323/34 I.P.C.** Punishment for wrongful restraint, Punishment for voluntarily hurt, Act done by several persons in furtherance of common intention |
| 2. | Pending before Learned court of A.C.J.M. at Barrackpore | JAGATDAL PS CASE NO -302/19 **DATED 08-04-2019** | Pending before Learned court of A.C.J.M. at Barrackpore | **U/S 341/324/325/506/34 I.P.C** Punishment for wrongful restraint, Voluntarily causing hurt by dangerous weapons or means, Voluntarily causing Grievous Hurt, Criminal Intimation, Act done by several persons in furtherance of common intention |
| 3. | Pending before Learned court of A.C.J.M. at Barrackpore | JAGATDAL PS CASE NO -646/19 **DATED 18-07-2019** | Pending before Learned court of A.C.J.M. at Barrackpore | **U/S 341/325/506/34 I.P.C.,** Punishment for wrongful restraint, Voluntarily causing Grievous Hurt, Criminal Intimation, Act done by several persons in furtherance of common intention. |
| 4. | Pending before Learned court of A.C.J.M. at Barrackpore | JAGATDAL PS CASE NO -663/19 **DATED 24-07-2019** | Pending before Learned court of A.C.J.M. at Barrackpore | **U/S 147/148/149/307 I.P.C., &25/27 Arms Act & ¾ E.S. Act. & 9 MPO Act.** Rioting, Rioting armed with deadly weapon, Every member of unlawful assembly guilty of offence committed in prosecution of common object, attempt to murder, Punishment for causing explosion likely to endanger life or property. Section 4. Punishment for attempt to cause explosion, or for making or keeping explosive with intent to endanger life or property, any person commits any subversive act |
| 5. | Pending before Learned court of A.C.J.M. at Barrackpore | JAGATDAL PS CASE NO -990/19 **DATED 21-11-2019** | Pending before Learned court of A.C.J.M. at Barrackpore | **U/S 448/325/308/427/379/506/34 I.P.C.** House trespass, voluntarily causing Grievous Hurt, Attempt to commit culpable homicide, Mischief causing damage to amount of fifty Rupees, Theft, Criminal Intimation, Act done by several persons in furtherance of common intention. |
| 6. | Pending before Learned court of A.C.J.M. at Barrackpore | JAGATDAL PS CASE NO -142/2022 **DATED 27-02-2022** | Pending before Learned court of A.C.J.M. at Barrackpore | **U/S 341/506/186/34 I.P.C & 131 Representative of the People's Act 1951.** Punishment for wrongful restraint, Criminal Intimation, Obstructing public servant in discharge of his public functions, Act done by several persons in furtherance of common intentional Penalty for disorderly conduct in or near Poling Station |
| 7. | Pending before Learned court of A.C.J.M. at Barrackpore | JAGATDAL PS CASE NO -146/22 **DATED 22-02-2022** | Pending before Learned court of A.C.J.M. at Barrackpore. | **U/S341/323/506/504/34 I.P.C** Punishment for wrongful restraint, voluntarily causing Grievous Hurt, Criminal Intimation, Insult intended to provoke breach of the peace, Act done by several persons in furtherance of common intention |
| 8. | Pending before Learned court of A.C.J.M. at Barrackpore | JAGATDAL PS CASE NO- 339/22 **DATED 26-05-2022** | Pending before Learned court of A.C.J.M. at Barrackpore | **U/S 341/325/307/506/34 I.P.C & 25/27 Arms Act.** Punishment for wrongful restraint, Voluntarily causing Grievous Hurt, attempt to murder, Criminal Intimation, Act done by several persons in furtherance of common intention. Whoever acquires, has in his possession or carries any prohibited arms or prohibited ammunition in contravention of section 7(Seven) shall be punishable with imprisonment for a term which shall not be less than 7[seven years but which may extend to fourteen years] and shall also be liable to fine |
| 9. | Pending before Learned court of A.C.J.M. at Barrackpore | JAGATDAL PS CASE NO -355/22 **DATED 03-06-2022** | Pending before Learned court of A.C.J.M. at Barrackpore | **U/S 448/384/506/120B/34 I.P.C** House trespass, Whoever commits extortion shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, or with fine, Criminal Intimation, Criminal conspiracy, Act done by several persons in furtherance of common intention. |
| 10. | Pending before Learned court of A.C.J.M. at Barrackpore | JAGATDAL PS CASE NO -372/22 **DATED 11-06-2022** | Pending before Learned court of A.C.J.M. at Barrackpore | **U/S 341/323/506/34 IPC** Punishment for wrongful restraint, Punishment for voluntarily hurt, Criminal Intimation and Act done by several persons in furtherance of common intention |
| 11. | Pending before Learned court of A.C.J.M. at Barrackpore | JAGATDAL PS CASE NO-107/2024 **DATED 02-04-2024** | Pending before Learned court of A.C.J.M. at Barrackpore | **U/S 447/427/323/325/307/506/34 IPC** Criminal trespass, Mischief causing damage to amount of fifty Rupees, Punishment for voluntarily hurt, Voluntarily causing Grievous Hurt, Attempt to murder, Crimination Intimation, Act done by several persons in furtherance of common intention |

**(B) Details about cases of conviction for criminal offences**

| S.L. NO. | Name of court& Date(s) of order(s) | Description of offence(s) & punishment imposed | Maximum Punishment Imposed |
|---|---|---|---|
| NIL | NIL | NIL | NIL |



EKDIN, VOL. 17, ISSUE NO. 327, KOLKATA, FRIDAY, 10 MAY 2024, PAGE 12
কলকাতা ১০ মে, ২০২৪

## শতরান হাতছাড়া বিরাটের

# পঞ্জাবের বিরুদ্ধে ২৪১ রান তুলল বেঙ্গালুরু

**নিজস্ব প্রতিবেদন:** পঞ্জাব কিংসের বিরুদ্ধে বৃহস্পতিবার বড় রান তুলল রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু। বৃষ্টির জন্য এ দিন খেলা বন্ধ ছিল কিছু ক্ষণের জন্য। তাতে বেঙ্গালুরুর রানের গতি কমেনি। বিরাট কোহলি ছিলেন স্বমেজাজে। ৯২ রান করেন তিনি।



টস জিতে বল করার সিদ্ধান্ত নিয়েছিলেন পঞ্জাবের অধিনায়ক স্যাম কারেন। শিখর ধাওয়ান এখনও চোট সারিয়ে মাঠে ফিরতে পারেননি। তাই কারেনই নেতৃত্ব দিচ্ছেন। তাঁর সেই সিদ্ধান্ত কতটা ঠিক, সেটা নিয়ে প্রশ্ন উঠতেই পারে। কারণ প্রশ্নকর্তার নাম বিরাট কোহলি। তিনি বৃহস্পতিবার ৪৭ বলে ৯২ রান করেন। শতরান যখন মনে হচ্ছিল শুধু সময়ের অপেক্ষা, তখনই আরশদীপ সিংহের বলে স্লাইস করতে গিয়ে ধরা পড়ে গেলেন রিলি রুসোর হাতে।

# হার্দিকের নেতৃত্বে খুশি নন দলের অভিজ্ঞ ক্রিকেটারেরা

**নিজস্ব প্রতিবেদন:** এ বারের আইপিএলে প্রথম দল হিসাবে প্লে-অফের দৌড় থেকে ছিটকে গিয়েছে মুম্বই ইন্ডিয়ান্স। তার পরেই দলের অন্দরের ঝামেলা প্রকাশ্যে এল। মুম্বইয়ের ব্যর্থতার নেপথ্যে হার্দিকের নেতৃত্ব দেওয়ার ধরনই আলোচনায় এসেছে বেশি।

মুম্বইয়ের এক কর্তা জানিয়েছেন, দলের নেতৃত্ব দেওয়ার লোকের অভাব নেই। কিন্তু গত ১০ বছরে রোহিতের অধীনে খেলা ক্রিকেটারেরা আচমকা হার্দিকের নেতৃত্বের ধরনের সঙ্গে মানিয়ে নিতে পারছেন না।



মুম্বইয়ের অন্দরের ঝামেলা প্রকাশ্যে

ওই কর্তা বলেছেন, তনেতা বদলের সঙ্গে সঙ্গে যে সমস্যাগুলো হয়, সেগুলো এখনও হয়ে চলেছে। যে কোনও খেলাধুলোর ক্ষেত্রেই এটা দেখা যেতে পারে।

একটি ম্যাচের পর ক্রিকেটার এবং সাপোর্ট স্টাফেরা বৈঠকে মিলিত হন। সেই বৈঠকে রোহিত শর্মা, সূর্যকুমার যাদব এবং যশপ্রীত বুমরা ছিলেন। খাওয়া-দাওয়া সারতে সারতেই নিজেদের ভাবনাচিন্তার কথা জানান। দল কোথায় ভাল পারফর্ম করছে না, সে ব্যাপারে বিস্তারিত বলেন। দলের কয়েকজন অভিজ্ঞ ক্রিকেটারের সঙ্গে দল পরিচালন সমিতির সদস্যদের বৈঠক হয়েছে বলেও জানা গিয়েছে। তাতেও কোনও সমাধানসূত্র বেরোয়নি।

শোনা গিয়েছে, দিল্লির কাছে হারের পর সমস্যা আরও বেড়ে যায়। সেই ম্যাচে মুম্বইয়ের হয়ে খেলা সবচেয়ে ভাল ক্রিকেটার তিলক বর্মার সমালোচনা করেছিলেন হার্দিক। বলেছিলেন, তঅখন অক্ষর বল করছিল এক জন বাঁ হাতিকে (তিলক), তখন শুরু থেকেই তাঁকে আক্রমণ করা উচিত ছিল। পরিস্থিতির প্রতি সামান্য সচেতনতা থাকলে সেটা করা যেত। দিনের শেষে ম্যাচটা আমাদের হারতে হল।

## কেকেআরে স্বামী-স্ত্রী লড়াই! এক ম্যাচ খেলে চোট পাওয়া ক্রিকেটার স্ত্রীকে সামলাতে হিমশিম

**নিজস্ব প্রতিবেদন:** কলকাতা নাইট রাইডার্সের হয়ে খেলতে পারছেন না। চোট রয়েছে তাঁর। সেই নীতীশ রানাকেই দেখা গেল ক্রিকেট খেলতে। তবে কেকেআরের হয়ে নয়, তিনি খেললেন স্ত্রীয়ের সঙ্গে।

কেকেআর একটি ভিডিয়ো পোস্ট করেছে। সেখানেই দেখা যাচ্ছে নীতীশ তাঁর স্ত্রী সাচি মারওয়ার সঙ্গে খেলছেন। সেই ভিডিয়ো ইতিমধ্যেই বহু মানুষ দেখেছেন। নীতীশকে ওই ভিডিয়োয় এক জন জিজ্ঞেস করেন, তএখানে কী চলছে?দ উত্তরে নীতীশ বলেন, তস্বামী, স্ত্রীর লড়াই।



নীতীশ বল করছেন। আর তাঁর স্ত্রী ব্যাট করছেন। নীতীশের করা বলে পুল মারেন সাচি। যা দেখে কেকেআরের ক্রিকেটার বলেন, তআমার থেকে ভাল পুল মারছে।দ সাচির ব্যাটিং দেখে প্রশংসা করেন নীতীশ।

এ বারের আইপিএলে দারুণ ফর্মে রয়েছে কেকেআর। লিগ তালিকায় শীর্ষে রয়েছে। ইতিমধ্যেই ১৬ পয়েন্ট পেয়ে গিয়েছে। রাজস্থান রয়্যালসেরও ১৬ পয়েন্ট। কিন্তু নেট রানরেটে এগিয়ে রয়েছে কেকেআর।

২০১২ এবং ২০১৪ সালে আইপিএল জিতেছিল কলকাতা। সে বার অধিনায়ক ছিলেন গৌতম গম্ভীর। এ বছর তিনি কলকাতার মেন্টর। আরও এক বার আইপিএল জেতার জন্য মরিয়া কেকেআর।

## হেডের ঝড়ের ঠিক আগে ছয় ব্যাটার শূন্য রানে আউট ১২ রানে শেষ ইনিংস! টি-টোয়েন্টি ক্রিকেটে লজ্জার নজির

**নিজস্ব প্রতিবেদন:** লখনউয়ের ১৬৫ রান তাড়া করতে নেমে হায়দরাবাদ যেখানে কোনও উইকেট না হারিয়ে ৯.৪ ওভারে ১৬৭ রান তুলে জিতে গিয়েছে, সেখানে ২১৮ রান তাড়া করতে নেমে ১২ রানে শেষ একটি দলের ইনিংস! টি-টোয়েন্টি আন্তর্জাতিক ক্রিকেটের ইতিহাসে দ্বিতীয় নিম্নতম রানের ইনিংস। ট্রেভিস হেড এবং অভিষেক শর্মার ঝড়ের ঠিক আগে জাপান সফরে গিয়ে লজ্জার নজির গড়ল মঙ্গোলিয়ার ক্রিকেট দল।



গত এশিয়ান গেমসে আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেক হয় মঙ্গোলিয়ার। এখনও পর্যন্ত কোনও ম্যাচ জিততে পারেনি তারা। জাপান সফরে গিয়ে লজ্জার নজির গড়ল তারা। বুধবার সাত ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ়ের দ্বিতীয় ম্যাচে মুখোমুখি হয়েছিল জাপান এবং মঙ্গোলিয়া। আয়োজক জাপান প্রথমে ব্যাট করে ৭ উইকেটে ২১৭ রান করেন। জাপানের পক্ষে সর্বোচ্চ রান করেন সাবারিশ রবিচন্দ্রন। তিনি ৩৯ বলে ৬৯ রান করেছেন ৬টি চার এবং ৪টি ছয়ের সাহায্যে। জবাবে ৮.২ ওভারে ১২ রানে শেষ হয়ে যায় মঙ্গোলিয়ার ইনিংস। ২০৫ রানে ম্যাচ জিতে নেয় জাপান।

মঙ্গোলিয়ার পক্ষে সর্বোচ্চ রান করেছেন সাত নম্বরে ব্যাট করতে নামা তুর আর্দেন সুমিয়া। তিনি ১১ বলে ৪ করেছেন তিনি। তাঁর পর সর্বোচ্চ অতিরিক্ত ৩ রান। ছ’জন ব্যাটার শূন্য রানে আউট হয়েছেন। ২০ ওভারের ক্রিকেট হলেও মঙ্গোলিয়ার ইনিংসে কোনও চার বা ছয় হয়নি। জাপানের জোরে বোলার কাজুমা কাতো স্ট্যাফোর্ড ৭ রানে ৫ উইকেট নিয়েছেন।

টি-টোয়েন্টি আন্তর্জাতিক ক্রিকেটে সর্বনিম্ন রানের নজির রয়েছে আইস অফ ম্যানের। ২০২৩ সালের ২৬ ফেব্রুয়ারি স্পেনের বিরুদ্ধে তাদের ইনিংস শেষ হয়েছিল ১০ রানে।




Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001** **RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email# dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড-এর পক্ষে কৃষ্ণানন্দ সিং কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত।
**RNI No. WBBEN/2006/17404,** ফোন-০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল dailyekdin1@gmail.com সম্পাদক- সন্তোষ কুমার সিং